

# পরিক্রমা

সংখ্যা # ৬২ : সেপ্টেম্বর ২০১৫

অর্থনীতির অগ্রযাত্রার স্থিতিশীলতা ও শৃঙ্খলা নিশ্চিতকরণে

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

# পরিক্রমা

সংখ্যা # ৬২ : সেপ্টেম্বর ২০১৫

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (৯, ১১, ১৫, ১৬, ১৭ ও ২১ তলা),১০, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোনঃ (৮৮)-০২-৯৫৬৮১০১-২, ৯৫৬১৫২৫,ফ্যাক্সঃ (৮৮)-০২-৯৫৬৩৭২১,৯৫৮০১৮৩

Website: http://www.secbd.org, http://www.sec.gov.bd

E-mail: secbd@bdmail.net

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন | ০৪ |
| ০২ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ | ০৫ |
| ০৩ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বিভাগীয় প্রধানগণ | ০৬ |
| ০৪ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ | ০৭ |
| ০৫ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উদ্দেশ্য | ০৮ |
| ০৬ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রধান কার্যাবলী | ০৯ |
| ০৭ | পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম | ১০ |
| ০৮ | ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস এন্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি) | ১৭ |
| ০৯ | কর্পোরেট ফিন্যান্স | ২৩ |
| ১০ | ক্যাপিটাল ইস্যু | ২৫ |
| ১১ | সার্ভেইল্যান্স | ২৮ |
| ১২ | নিবন্ধন | ৩০ |
| ১৩ | মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি | ৩১ |
| ১৪ | সুপারভিশন এন্ড রেগুলেশন অব মার্কেট এন্ড ইস্যুয়ার কোম্পানিজ (এসআরএমআইসি) | ৩২ |
| ১৫ | সুপারভিশন এন্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) | ৩৪ |
| ১৬ | এনফোর্সমেন্ট | ৩৫ |
| ১৭ | আইন | ৩৬ |
| ১৮ | সেন্ট্রাল ডিপজিটরী সিস্টেমস | ৩৬ |
| ১৯ | এমআইএস | ৩৭ |
| ২০ | গবেষণা ও উন্নয়ন | ৩৮ |
| ২১ | আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ | ৩৯ |
| ২২ | স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস | ৪০ |
| ২৩ | প্রেস রিলিজ | ৪১ |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসাবে ৮ই জুন ১৯৯৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়, যার মূল লক্ষ্য হ'ল বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার নিয়ে গঠিত এবং চার বছর মেয়াদের জন্য তাঁরা সরকার কর্তৃক নিয়োগ প্রাপ্ত হন। চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রনের জন্য প্রয়োজনীয় বিধি প্রণয়ন এবং সে মোতাবেক বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে সম্পর্কযুক্ত।

সরকার মে, ২০১১ তে অধ্যাপক ড. এম. খায়রুল হোসেনকে চেয়ারম্যান এবং প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, জনাব আরিফ খান ও জনাব মোঃ আঃ সালাম সিকদারকে সদস্য হিসাবে নিয়োগ প্রদান করে। পরবর্তীতে সংশোধিত আইনে কমিশনের সদস্য পদবী পরিবর্তন করে কমিশনার পদবী করা হয়। গঠিত উক্ত কমিশনের চেয়ারম্যান ও চার কমিশনার তাঁদের তিন বছরের প্রথম মেয়াদের দায়িত্ব পরিপূর্ণভাবে সম্পন্ন করেন। সরকার বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সংশোধন) আইন, ২০১২ মোতাবেক মে, ২০১৪ তে তাঁদের সকলকে স্ব স্ব অবস্থানে আরও চার বছরের জন্য (বয়স ৬৫ বৎসর অনতিক্রম সাপেক্ষে) দ্বিতীয় মেয়াদে নিয়োগ প্রদান করে।

পুঁজিবাজারের সংস্কার কার্যক্রমে আন্তর্জাতিক মান অর্জন করায় ২২ ডিসেম্বর ২০১৩ তারিখে আন্তর্জাতিক সংস্থা International Organization of Securities Commissions (IOSCO) বাংলদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে 'A' ক্যাটাগরী সদস্যপদ/স্ট্যাটাস প্রদান করে।

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন



ড. এম. খায়রুল হোসেন
**চেয়ারম্যান**



প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী
**কমিশনার**



জনাব মোঃ আমজাদ হোসেন
**কমিশনার**



জনাব আরিফ খান
**কমিশনার**



জনাব মোঃ আঃ সালাম সিকদার
**কমিশনার**

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ

১. জনাব মোহাম্মদ আব্দুল হান্নান জোয়ারদার

২. জনাব ফরহাদ আহমেদ (বর্তমানে IOSCO এর Enforcement and Co-operation Advisor হিসাবে Secondment Position এ কর্মরত )

৩. মিসেস রুকসানা চৌধুরী

৪. জনাব এ.টি.এম. তারিকুজ্জামান (বর্তমানে শিক্ষা ছুটিতে নিউজিল্যান্ড এ অবস্থান করছেন)

৫. জনাব মোঃ আনোয়ারুল ইসলাম

৬. জনাব মোঃ সাইফুর রহমান

৭. জনাব মোঃ আশরাফুল ইসলাম

৮. জনাব এম. হাছান মাহমুদ

৯. জনাব মাহবুবুল আলম

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বিভাগীয় প্রধানগণ

| | | |
|---|---|---|
| ১. | মিসেস রুকসানা চৌধুরী | নির্বাহী পরিচালক (সিএমআরআরসি, আইন, এনফোর্সমেন্ট বিভাগ) |
| ২. | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম | নির্বাহী পরিচালক (এসআরএমআইসি, প্রশাসন ও অর্থ বিভাগ) |
| ৩. | জনাব মোঃ সাইফুর রহমান | নির্বাহী পরিচালক (এসআরআই, সার্ভেইল্যান্স বিভাগ) |
| ৪. | জনাব মোঃ আশরাফুল ইসলাম | নির্বাহী পরিচালক (এমআইএস, আরএন্ডডি ও সিডিএস বিভাগ) |
| ৫. | জনাব এম হাছান মাহমুদ | নির্বাহী পরিচালক (মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি, কর্পোরেট ফাইন্যান্স বিভাগ) |
| ৬. | জনাব মাহবুবুল আলম | নির্বাহী পরিচালক (ক্যাপিটাল ইস্যু, নিবন্ধন ও আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ) |

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ

| | | |
|---|---|---|
| ১. | জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী | পরিচালক (আইন) |
| ২. | জনাব কামরুল আনাম খান | পরিচালক (ক্যাপিটাল ইস্যু) |
| ৩. | জনাব মোহাম্মদ রেজাউল করিম | পরিচালক (ক্যাপিটাল ইস্যু, সিএমআরআরসি) |
| ৪. | জনাব মোহাম্মদ শফিউল আজম | পরিচালক (নিবন্ধন) |
| ৫. | জনাব রিপন কুমার দেবনাথ | পরিচালক (সিএমআরআরসি) |
| ৬. | জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| ৭. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | পরিচালক (সার্ভেইল্যান্স) |
| ৮. | জনাব মোঃ মাহমুদুল হক | পরিচালক (মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি) |
| ৯. | জনাব প্রদীপ কুমার বসাক | পরিচালক (ক্যাপিটাল ইস্যু) |
| ১০. | জনাব রাজিব আহমেদ | পরিচালক (এমআইএস) |
| ১১. | জনাব মোঃ আবুল কালাম | পরিচালক (কর্পোরেট ফাইন্যান্স, অর্থ) |
| ১২. | জনাব মোঃ মনছুর রহমান | পরিচালক (এসআরএমআইসি) |
| ১৩. | জনাব মোহাম্মদ আবুল হাসান | পরিচালক (প্রশাসন) |
| ১৪. | জনাব শেখ মাহবুব উর রহমান | পরিচালক (এসআরআই) |
| ১৫. | মিসেস ফারহানা ফারুকী | কমিশন সচিব ও পরিচালক (কমিশন সচিবালয় ও আন্তর্জাতিক সম্পর্ক) |

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উদ্দেশ্য

যেহেতু সিকিউরিটিতে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়নের উদ্দেশ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠিত হয়, সেহেতু বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রধান উদ্দেশ্য নিম্নরূপঃ

- সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- সিকিউরিটিজ বাজারের উন্নয়ন;
- সিকিউরিটিজ সংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন ।

উপরোক্ত উদ্দেশ্য পূরণকল্পে বাজার তদারকী ও সার্ভেইল্যান্স, কর্পোরেট গভর্নেন্স, সিকিউরিটিজ আইন অমান্যকারীদের বিরুদ্ধে এনফোর্সমেন্ট কার্যাবলী, নিয়মতান্ত্রিকভাবে সিকিউরিটিজ ইস্যু করণ, বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম এবং সময়োপযোগী বাজার সংস্কার কার্যক্রম পরিচালনায় কমিশন সর্বদা সচেষ্ঠ থাকে।

দেশের শিল্পায়ন তথা অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের জন্য শিল্প প্রতিষ্ঠান বিকাশের অনুকুল দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হিসাবে পুঁজিবাজার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। কমিশন প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে পুঁজিবাজারের আইনগত কাঠামোর উন্নয়ন, সিকিউরিটিজের ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে অটোমেশন পদ্ধতির প্রবর্তন, সেন্ট্রাল ডিপজিটরী প্রতিষ্ঠার মাধ্যমে ইলেকট্রনিক পদ্ধতিতে বিনিয়োগকারীদের শেয়ার সংরক্ষণ ও হস্তান্তর, বিনিয়োগকারীদের জন্য ওয়েব ভিত্তিক সিকিউরিটিজের তাৎক্ষনিক বাজারমূল্য ও ইনডেক্স তথ্য প্রপ্তির সুবিধা এবং বিএসইসি, স্টক এক্সচেঞ্জ, বিআইসিএম ও বাজার মধ্যস্থতাকারী কর্তৃক সাধারন বিনিয়োগকারীদের জন্য পুঁজিবাজার বিষয়ক নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদি পুঁজিবাজারের উন্নয়নের ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করছে। পুঁজিবাজারের সংস্কার ও উন্নয়নের জন্য কমিশন একটি দীর্ঘমেয়াদী ১০-সালা পরিকল্পনা প্রনয়ন করেছে, যা পর্যায়ক্রমে বাস্তবায়িত হচ্ছে। উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হলে পুঁজিবাজারের মৌলিক সমস্যাগুলি দূরীভূত হবে এবং এতে দীর্ঘমেয়াদে বাজারের স্থিতিশীলতা ও গভীরতা বৃদ্ধি পাবে।

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রধান কার্যাবলী

সিকিউরিটিজ আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন তার সকল কাজ পরিচালনা করে থাকে। কমিশনের উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপঃ

- বিধিমোতাবেক সিকিউরিটিজ ইস্যুকরণ;
- বাজার তদারকী ও সার্ভেইল্যান্স, কর্পোরেট গর্ভনেন্স, এনফোর্সমেন্ট কার্যাবলী এবং বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদির মাধ্যমে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- বাজার সংস্কার এর মাধ্যমে বাজারের উন্নয়ন ও নিয়ন্ত্রন;
- স্টক এক্সচেঞ্জ ও অন্যান্য সিকিউরিটিজ সংক্রান্ত ব্যবসা নিয়ন্ত্রণ;
- স্টক ব্রোকার, সাব-ব্রোকার, শেয়ার ট্রান্সফার এজেন্ট, মার্চেন্ট ব্যাংকার ও ইস্যু ম্যানেজার, ট্রাস্ট ডীডের ট্রাস্টি, ইস্যু রেজিস্ট্রার, অবলেখক, পোর্টফোলিও ম্যানেজার, বিনিয়োগ পরামর্শক এবং অন্যান্য বাজার মধ্যস্থতাকারীদের ব্যবসা নিয়ন্ত্রণ;
- সকল প্রকার মিউচ্যুয়াল ফান্ড সহ যৌথ বিনিয়োগ স্কীমের ব্যবসা নিবন্ধন, মনিটরিং এবং নিয়ন্ত্রণ;
- সিকিউরিটিজ বাজারের সকল অনুমোদিত স্বশাসিত ব্যবসা মনিটরিং এবং নিয়ন্ত্রণ;
- শেয়ার বাজারের অনৈতিক, প্রতারণামূলক ও অস্বচ্ছ যে কোন লেনদেন এর প্রচলন নিষিদ্ধ ও রোধকরণ;
- বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের বিনিয়োগকারীদের প্রশিক্ষণ দানের মাধ্যমে শিক্ষামূলক জ্ঞানের উন্নয়ন;
- ইনসাইডার ট্রেডিং ব্যবসা নিষিদ্ধকরণ;
- পর্যাপ্ত পরিমান শেয়ার অধিগ্রহণ, কোম্পানীর ব্যবস্থাপণা গ্রহণ সংক্রান্ত নিয়ন্ত্রণ;
- তদন্ত ও পরিদর্শন পরিচালনাকরণ;
- কমোডিটি ফিউটার কর্ন্ট্রাক বা অপটন কর্ন্ট্রাক ব্যবসার লাইসেন্স প্রদান ও নিয়ন্ত্রণ;
- গবেষণা পরিচালনা ও তথ্য প্রকাশ।

# পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রমঃ

## Recent Developments in DSE and Regulatory Reforms for Capital Market এর উপর সিম্পোজিয়াম




সিম্পোজিয়ামে কমিশনের চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন, কমিশনার অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী, ডিএসই'র চেয়ারম্যান বিচারপতি ছিদ্দিকুর রহমান মিয়া, এমডি ড. স্বপন কুমার বালা এবং বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব সাইফুর রহমানকে দেখা যাচ্ছে

সেপ্টেম্বর ১৪, ২০১৫ তারিখে স্থানীয় একটি হোটেলে ঢাকা স্টক এক্সচেঞ্জ কর্তৃক আয়োজিত "Recent Developments in DSE and Regulatory Reforms for Capital Market" এর উপর একটি সিম্পোজিয়াম অনুষ্ঠিত হয়। সিম্পোজিয়ামে সভাপতিত্ব করেন ডিএসই'র চেয়ারম্যান বিচারপতি ছিদ্দিকুর রহমান মিয়া। উক্ত সিম্পোজিয়ামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সম্মানিত চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএসইসি'র কমিশনার অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিএসইসি'র কমিশনারবৃন্দ ও কর্মকর্তাবৃন্দ, বিপুল সংখ্যক ট্রেকহোল্ডার, বিভিন্ন এসোসিয়েশনের প্রতিনিধিবৃন্দ এবং পুঁজিবাজার বিশেষজ্ঞগণ। অনুষ্ঠানের প্রধান অতিথি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সম্মানিত চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন তাঁর বক্তব্যে বলেন, একটি শক্তিশালী পুঁজিবাজারের জন্য প্রয়োজন প্রথমত প্রয়োজনীয় আইন কানুনের উপস্থিতি, দ্বিতীয়ত প্রয়োজনীয় জনবল, তৃতীয়ত পুঁজিবাজারে ট্রেক হোল্ডারদের উপস্থিতি, চতুর্থত যথাযথ প্রযুক্তি, পঞ্চমত পুঁজিবাজারের প্রতি বিনিয়োগকারীদের আস্থা। পুঁজিবাজারে প্রয়োজনীয় আইন কানুন যদি যথাযথ থাকে এবং তা যদি সঠিক ভাবে প্রয়োগ করা হয় তবে আস্থা অনেকাংশে বৃদ্ধি পায়। আস্থা আরও বৃদ্ধি পায়, যদি পুঁজিবাজারের মৌলিক বিষয়সমূহ সম্পর্কে প্রত্যেক স্টেক হোল্ডারদের সম্যক ধারণা থাকে। সে লক্ষ্যকে সামনে রেখে কমিশন প্রয়োজনীয় পরিবর্তন সাধন করার চেষ্টা করে যাচ্ছে। নতুন প্রোডাক্ট বিষয়ে তিনি বলেন, পুঁজিবাজারে ২০১৬ সালে ইটিএফ এবং ২০১৭ সালে ডেরিভেটিভস চালু করা হবে। পুঁজিবাজারে যে কোন প্রোডাক্ট চালুর কমপক্ষে ছয় মাস আগে থেকে তার উপর সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হবে, যাতে করে প্রত্যেক শ্রেণীর স্টেকহোল্ডারগণ তাদের দায়িত্ব সম্পর্কে অবগত হন। বাজারে নতুন প্রোডাক্ট

চালু হলে বিনিয়োগের ক্ষেত্রে বৈচিত্র্য আসবে। তিনি ট্রেকহোল্ডারদের উদ্দেশ্যে বলেন, পুঁজিবাজারকে গতিশীল করতে স্টক এক্সচেঞ্জকে ডিমিউচ্যুয়ালাইজড করা হয়েছে। সকলের সম্মিলিত প্রচেষ্টার কারণেই পুঁজিবাজারে ডিমিউচ্যুয়ালাইজেশন দ্রুত করা সম্ভব হয়েছে। প্রযুক্তির ব্যবহার বাড়ানোর পাশাপাশি স্টক এক্সচেঞ্জগুলোকে স্বচ্ছতা ও জবাবদিহিতার মধ্যে নিয়ে আসা হয়েছে। বিনিয়োগকারীদের সচেতনতা বাড়াতে পদক্ষেপ নেয়া হয়েছে। ভবিষ্যতে পুঁজিবাজারের স্থিতিশীলতা ধরে রাখতে বিএসইসি যেকোন গঠনমূলক পদক্ষেপ নেবে। বিনিয়োগকারীদের সচেতনতা বাড়াতে বিভিন্ন পদক্ষেপ নেয়া হচ্ছে। ড. এম খায়রুল হোসেন আরও বলেন, বিভিন্ন দেশের বাজার সংশ্লিষ্টদের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে। সর্বশেষ সিঙ্গাপুরের ইনভেস্টমেন্ট ফেয়ারে বিদেশী বিনিয়োগকারীদের ভালো সাড়া পাওয়া গেছে। বাংলাদেশের পুঁজিবাজার নিয়ে বিদেশী বিনিয়োগকারীদের এখন ইতিবাচক ধারণা তৈরি হয়েছে। তারা এখন বাংলাদেশের পুঁজিবাজারের প্রতি আগ্রহী হয়ে উঠেছে। বিএসইসিও চেষ্টা করে যাচ্ছে বিদেশী বিনিয়োগকারীরা যাতে বাংলাদেশের পুঁজিবাজারের প্রতি আরও আস্থাশীল হয়।

অনুষ্ঠানের বিশেষ অতিথি বিএসইসি'র কমিশনার অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী বলেন, বাজারের স্থিতিশীলতা ধরে রাখতে ট্রেকহোল্ডারসহ বিনিয়োগকারীদেরও দায়িত্ব রয়েছে, এজন্য সকলের সচেতনতা প্রয়োজন। স্টক এক্সচেঞ্জসহ ট্রেকহোল্ডার ও মার্চেন্ট ব্যাংকগুলোকেও বিনিয়োগকারীদের সচেতনতা বাড়ানোর দায়িত্ব নিতে হবে। এসব প্রতিষ্ঠানের গবেষণা বিভাগকে শক্তিশালী করার মাধ্যমে বিনিয়োগকারীদের সব ধরনের সুযোগ সুবিধা নিশ্চিত করতে হবে। তিনি মার্চেন্ট ব্যাংকগুলোকে কেনাবেচার পাশাপাশি সচেতনতা বৃদ্ধির জন্য কাজ করার উপর গুরুত্বারোপ করেন। অধ্যাপক নিজামী আরও বলেন, কমিশন অগ্রগতির পরিবর্তনে বিশ্বাসী এবং সে পরিবর্তনকে দৃশ্যমান করতে চায়। ইতিপূর্বে স্টক এক্সচেঞ্জ অথবা স্টেকহোল্ডারদের কাছ থেকে যে প্রস্তাব কমিশনের কাছে এসেছে সেগুলো পরীক্ষা নিরীক্ষা করে কিভাবে বাস্তবায়ন করা যায় সে বিষয়ে কমিশন সর্বদাই সচেতন। কমিশন পুঁজিবাজারের স্বার্থে সব ধরনের প্রস্তাবনা যাচাই করে বাস্তবায়নের চেষ্টা করে থাকে। পুঁজিবাজারে আস্থার সঙ্কট আছে বলে মনে হয় না। বিনিয়োগকারীদের আকর্ষণ সৃষ্টিতে নিয়ন্ত্রক সংস্থার সঙ্গে বসতে চাইলে স্টক এক্সচেঞ্জ অথবা স্টেকহোল্ডারদের যে কোন সহায়তা দেবে বিএসইসি। বিএসইসি'র নানামুখি পদক্ষেপের কারণে অতীতের যে কোন সময়ের চেয়ে বাজার অনেক বেশি স্থিতিশীল। দেশের রাজনৈতিক পরিস্থিতি যাই থাকুক না কেন বাজারে কোন প্রভাব পড়বে না বলে আশা করা যায়। স্টক এক্সচেঞ্জসমূহের এ ধরনের অনুষ্ঠান বছরে কয়েকবার আয়োজন করা প্রয়োজন। এটি শুধু ব্রোকার ডিলারদের সাথে নয়, অন্যান্য সকল স্টেকহোল্ডারদের সাথে করা যেতে পারে। যেহেতু পুঁজিবাজার একটি স্পর্শকাতর বিষয়, সেহেতু এ বিষয়ে সুষ্ঠু ও যুগোপযোগী পরিকল্পনাগুলো সবার মধ্যে ছড়িয়ে দেয়া প্রয়োজন। এই বাজারে কার কতটুকু ভুমিকা তা পরিস্কার হওয়া উচিত। বিশেষ করে ট্রেকহোল্ডারদের দায়িত্ব পরিস্কার হতে হবে। তা না থাকলে আস্থার সঙ্কট বেড়ে যাবে। এক সময় বিভিন্ন ধরনের গুজবকে কাজে লাগিয়ে বাজারকে অস্থিতিশীল করা হতো। নিয়ন্ত্রক সংস্থার নজরদারিতে তা অনেকাংশে কমে এসেছে।

# বাংলাদেশ ক্যাপিটাল মার্কেট কনফারেন্স, ২০১৫




বাংলাদেশ ক্যাপিটাল মার্কেট কনফারেন্স-২০১৫, ২১ সেপ্টেম্বর ২০১৫ তারিখে ঢাকা বিশ্বাবদ্যালয়ের সিনেট ভবনে অনুষ্ঠিত হয়

২১ সেপ্টেম্বর ২০১৫ তারিখে বাংলাদেশ ক্যাপিটাল মার্কেট কনফারেন্স-২০১৫ ঢাকা বিশ্বাবদ্যালয়ের সিনেট ভবনে অনুষ্ঠিত হয়, যার আয়োজন করে ঢাকা স্টক এক্সচেঞ্জ। বিএসইসি'র চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন এবং কমিশনার জনাব আরিফ খান উদ্বোধনী সেশন ও ১ম  পর্বে যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উদ্বোধনী সেশন ডিএসই'র চেয়ারম্যান বিচারপতি ছিদ্দিকুর রহমান মিয়ার সভাপতিতে অনুষ্ঠিত হয়। মঞ্চে আরও উপবিষ্ট ছিলেন ডিএসই'র ব্যবস্থাপনা পরিচালক ড. স্বপন কুমার বালা এবং চীপ রেগুলেটরী অফিসার জনাব জিয়াউল হাসান খান। বিএসইসি'র সাবেক চেয়ারম্যান, কমিশনারবৃন্দ, নির্বাহী পরিচালকবৃন্দ, ডিএসই'র সাবেক চেয়ারম্যান/ প্রেসিডেন্টবৃন্দ, ডিএসই'র পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ, পুঁজিবাজার বিশেষজ্ঞবৃন্দ, তালিকাভুক্ত কোম্পানির প্রতিনিধি, চেম্বারের প্রতিনিধি এবং পুজিঁবাজারের বিভিন্ন মধ্যস্থতাকারী এসোসিয়েশন কনফারেন্সে অংশগ্রহণ করেন।


বিএসইসি'র চেয়ারম্যান, ড. এম. খায়রুল হোসেন কনফারেন্সে বক্তব্য রাখছেন

প্রধান অতিথি ড. এম. খায়রুল হোসেন তাঁর বক্তব্যে কনফারেন্সকে পুঁজিবাজার এর সমৃদ্ধি ও উন্নয়নের উপর একটি বিশেষ ধরনের সচেতনতা মূলক কর্মসূচি হিসেবে আখ্যায়িত করেন। তিনি পুঁজিবাজারের গুরুত্ব এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে এর ঘনিষ্ট সম্পর্কের বিষয়টি তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে, বর্তমান ইক্যুইটি ভিত্তিক পুঁজিবাজার খুব শীঘ্রই মাল্টি অ্যাসেট ক্লাসে রূপান্তরিত হবে এবং বিভিন্ন ধরনের ডেরিভেটিভস প্রোডাক্ট চালু হবে। কর্পোরেট গভার্নেন্স গাইডলাইন, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং অ্যাক্ট, আধুনিক সার্ভেইল্যান্স সিস্টেম এবং নতুন লিস্টিং রেগুলেশনস চালুর ফলে বাজার নিয়ন্ত্রণ ব্যবস্থা ইতিমধ্যেই শক্তিশালী করা হয়েছে। এই অগ্রগতির সঠিক ব্যবহারের মাধ্যমে শিল্প পুঁজির ব্যয় কমিয়ে আনা এবং উন্নয়নকে টেকসই করা সম্ভব হবে। বিশ্বব্যাপী উদ্যোক্তাদের জন্য পুঁজিবাজারই মূলধন সংগ্রহের সবচেয়ে ভালো উৎস। একটি খাতের উন্নয়নের জন্য সবার আগে প্রয়োজন শক্তিশালী নিয়ন্ত্রক সংস্থা, এরপর দরকার কার্যকর আইন-কানুন। সরকারের আন্তরিক প্রচেষ্টায় সাম্প্রতিক বছরগুলোতে বিএসইসি যেমন শক্তিশালী হয়েছে, তেমনি পুঁজিবাজার উন্নয়নে যুগোপযোগী স্বচ্ছ আইন কানুন ও অবকাঠামোগত সক্ষমতায়ও অনেক পরিবর্তন এসেছে। ফলশ্রুতিতে আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছ থেকেও এর স্বীকৃতি মিলছে। বিএসইসি সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনগুলোর বৈশ্বিক সংগঠন ওঙঝঈঙ-এর 'এ' ক্যাটাগরিতে উন্নীত হয়েছে। এর ফলে পুঁজিবাজারের প্রতি আন্তর্জাতিক পরিমন্ডলের সম্পদ ব্যবস্থাপক প্রতিষ্ঠানগুলোও তাদের আগ্রহের কথা জানাচ্ছে।

চলমান পরিবর্তন প্রক্রিয়া অব্যাহত থাকলে আগামী দুই বছরের মধ্যে দেশের পুঁজিবাজারকে নতুন উচ্চতায় দেখা যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। বিএসইসি একটি পরিকল্পিত ফ্রেমওয়ার্কের মধ্য দিয়ে পুঁজিবাজার উন্নয়নে কাজ করে যাচ্ছে। আন্তর্জাতিক সম্পৃক্ততা বাড়াতে পুঁজিবাজারের অবকাঠামোগত সক্ষমতা উন্নয়নের পাশাপাশি বাংলাদেশের পুঁজিবাজারকে বিদেশিদের কাছে আকৃষ্ট করার জন্য নতুন নতুন প্রোডাক্ট বাজারে আনার চেষ্টা চলছে। এই প্রোডাক্ট চালু করার ক্ষেত্রে সর্বপ্রথম যে কাজ করতে হবে তা হল, জনমত যাচাই করা, আইন প্রনয়ন করা, সচেতনতা বৃদ্ধি করা। তিনি আরও বলেন, অতি শীঘ্রই বিএসইসিতে আইসিটি সমৃদ্ধ ডিজিটালাইজেশন প্রক্রিয়া শুরু করা হবে যাতে করে আর্থিক প্রতিবেদনসমূহ ডিজিটাল পদ্ধতিতে সংগ্রহ করা যায়।



বিএসইসি'র কমিশনার, জনাব আরিফ খান কনফারেন্সে বক্তব্য রাখছেন

সম্মেলনে বিশেষ অতিথি জনাব আরিফ খান, কমিশনার, বিএসইসি বলেন, বিশ্বব্যাপী একটি সাধারণ বিশ্বাস রয়েছে যে, দেশের অর্থনৈতিক উন্নয়নের সাথে দেশের পুঁজিবাজারের উন্নয়নের পারস্পারিক সম্পর্ক রয়েছে। যে দেশগুলোর যত ভাল পুঁজিবাজার রয়েছে সে দেশ ততো উন্নত। পুঁজিবাজার হলো দীর্ঘমেয়াদে অর্থ সংগ্রহের উৎস। বিগত দুই বছর আন্তর্জাতিক বাজারের সাথে তাল মিলিয়ে বাংলাদেশের পুঁজিবাজারে ব্যাপক উন্নয়ন সাধিত হয়েছে। ১৫ বছর পূর্বে দেশের পুঁজিবাজারের বাজার মূলধন ছিল ৫ বিলিয়ন ইউএস ডলারেরও কম। কিন্তু বর্তমানে এটি প্রায় ৪২ বিলিয়ন ইউএস ডলার, যা আমাদের জিডিপির ৩০ শতাংশের কাছাকাছি। যদি ফ্রন্টিয়ার মার্কেট , যেমন ভিয়েতনাম, আর্জেন্টিনা, নাইজেরিয়ার সাথে তুলনা করা যায়, তাহলে বাংলাদেশ এই সকল ফ্রন্টিয়ার মার্কেটের চেয়ে অনেক ভাল অবস্থানে রয়েছে। রেগুলেটরি ইস্যুগুলোর পাশাপাশি বাংলাদেশের বিনিয়োগ প্যাটার্নও বদলে গেছে। দেশে বিদেশে পেশাদার তহবিল ব্যবস্থাপকরাও বিষয়টি অনুধাবন করতে পেরেছে। বিএসইসি গত চার বছরে বিভিন্ন অর্ডিন্যান্স ও অ্যাক্ট সংশোধন করেছে। নতুন প্রোডাক্ট চালুর উদ্যোগ নিয়েছে। বিএসইসি ২০১৭ সালে ডেরিভেটিবস চালু করার পরিকল্পনা করেছে। ইতোমধ্যে স্পেশাল ট্রাইবুনাল প্রতিষ্ঠা করা হয়েছে এবং বিএসইসি'র কর্মকর্তাদের চাকুরীর সুবিধাদি পরিবর্তন করা হচ্ছে।

পুঁজিবাজারের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হলো তালিকাভূক্ত কোম্পানিসমূহের কর্পোরেট গভর্নেন্সের চর্চা। বর্তমানে কর্পোরেট গভর্নেন্স গাইডলাইনস রয়েছে, যা প্রত্যেক তালিকাভূক্ত কোম্পানিকে পরিপালন করতে হয় এবং এটি নিরীক্ষক দ্বারা সার্টিফাইড করতে হয়। বিএসইসি এশিয়ান ডেভেলপমেন্ট ফান্ড এর সাহায্যে আধুনিক সার্ভেইল্যান্স সফটওয়্যার চালু করেছে। বিএসইসি'র অন্যতম মাইলস্টোন কাজ হলো স্টক এক্সচেঞ্জগুলোর ডিমিউচ্যুয়ালাইজেশন। সাম্প্রতিক সময়ে তালিকাভুক্ত কোম্পানির আর্থিক প্রতিবেদন অডিট করার জন্য অডিটরস প্যানেল চুড়ান্ত করা হয়েছে। ঢাকা স্টক এক্সচেঞ্জ কর্তৃপক্ষকে তালিকাভূক্তির পূর্বে ও পরে আইপিও অনুমোদনের জন্য সুপারিশ ও পরিদর্শন করার জন্য দায়িত্ব দেয়া হয়েছে। সকল লিস্টেড কোম্পানির ন্যূনতম কনটেন্ট ওয়েবসাইটে দেয়ার ব্যবস্থা করা হয়েছে। বিএসইসি ১০ বছরব্যাপী মহাপরিকল্পনা প্রণয়ন করেছে, ক্লিয়ারিং ও সেটেলমেন্ট কোম্পানি স্থাপনের জন্য কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এছাড়াও ছোট এবং মাঝারী কোম্পানিগুলোর জন্য আলাদা প্লাটফর্ম গঠনের জন্য কার্যক্রম চলমান রয়েছে। বাংলাদেশের পুঁজিবাজার নিয়ে বিদেশিরা তাঁদের আশাবাদ ব্যক্ত করেছেন। গত কয়েক বছরে নির্বাচিত কোম্পানিগুলোর বাজার মূলধন ৫০ থেকে ১৫০ শতাংশ পর্যন্ত বেড়েছে। এছাড়া দেশের শেয়ারবাজারে এখন প্রতিদিন গড়ে ৫১০ কোটি ডলারের সিকিউরিটিজ হাতবদল হয়, যা মধ্যপ্রচ্যের অনেক ধনী দেশের স্টক এক্সচেঞ্জের চেয়েও বেশি। বৈশ্বিক তহবিলগুলোর চোখে বাংলাদেশ অন্যান্য প্রান্তিক বাজারকে ছাড়িয়ে গেছে। ইউনিলিভার, এইচএসবিসি, স্ট্যান্ডার্ড চার্টার্ডসহ বিশ্বের বড় বড় ব্রান্ডগুলোর কাছে বাংলাদেশের বাজার অনেক আকর্ষণীয়। অর্থনীতিবিদরাও বাংলাদেশের আর্থসামাজিক অগ্রগতির প্রশংসা করেছেন।

সমাপনী বক্তব্যে সেশনের চেয়ারপার্সন বিএসইসি'র কমিশনার অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী বলেন, বিগত পাঁচ বছরে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পুঁজিবাজারের উন্নয়নে অনেক সংস্কার এনেছে। মিউচ্যুয়াল ফান্ডের ক্ষেত্রে অনেক পরিবর্তন আনা হয়েছে। এছাড়া আরও সংস্কারের বিষয়ে কাজ করছে। এর মধ্যে রয়েছে মিউচ্যুয়াল ফান্ডের জন্য আইপিও কোটা বৃদ্ধি করা। পূর্বে মিউচ্যুয়াল ফান্ডের ২৫ শতাংশ অর্থ পুঁজিবাজার ব্যতিত অন্য জায়গায় বিনিয়োগ করা যেত আর এখন তা ৪০ শতাংশে উন্নীত করা হয়েছে। তিনি আরও বলেন, বিনিয়োগকারীগণ তাদের বিনিয়োগের নীতিমালার সীমাবদ্ধতা সম্পর্কে সচেতন নয়। এই বিষয়ে বিনিয়োগকারীদেরকে সচেতন করতে হবে। বিনিয়োগের ক্ষেত্রে নীতিমালা রাতারাতি পরিবর্তন সম্ভব নয়, হঠাৎ নীতিমালার পরিবর্তন হলে তা বাস্তবায়নে কিছু সীমাবদ্ধতা দেখা দেয়। পরীক্ষা-নিরীক্ষা ভাল কিন্তু বাজার নিয়ে পরীক্ষা-নিরীক্ষা কোন ভাল বিষয় নয়।



বিএসইসি'র কমিশনার, প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী কনফারেন্সে বক্তব্য রাখছেন

তাই পরিবর্তন হতে হবে সর্বোত্তম চর্চাকে বিবেচনা করে। বিএসইসি মিউচ্যুয়াল ফান্ড সম্পর্কে কিছু বিষয় নিয়ে চিন্তা করছে তা হলো মিউচ্যুয়াল ফান্ডগুলোর এনএভি এক্সচেঞ্জগুলোতে জমা দেয়া হলেও সেগুলি পাবলিকলি প্রকাশ করা হয় না। মিউচ্যুয়াল ফান্ড আইনে কিছু পরিবর্তন আনা হচ্ছে, যেখানে এনএভি অবশ্যই ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। বিনিয়োগকারীর অধিকার রয়েছে মিউচ্যুয়াল ফান্ডগুলোর পোর্টফলিও বিনিয়োগ সম্পর্কে জানার। তাই মিউচ্যুয়াল ফান্ডগুলোর পোর্টফলিও প্রকাশের বিষয়ে বিএসইসি চিন্তা ভাবনা করছে। এছাড়াও বিএসইসি ভবিষ্যতে ফান্ড ম্যানেজারদের পারফরম্যান্স ইন্ডিকেটর চালু করার বিষয়ে কাজ করছে, পারফরম্যান্সের ভিত্তিতে সবচেয়ে ভাল ফান্ড ম্যানেজার এবং অ্যাসেট ম্যানেজার চিহ্নিত করা যায়। গত পাঁচ বছর বিএসইসি'র অ্যাক্ট, অর্ডিন্যান্স এবং সার্ভিস রুলস এ ব্যাপক পরিবর্তন আনা হয়েছে। ফাইন্যান্সিয়াল রিপোর্টিং অ্যাক্ট ইতোমধ্যে পাস হয়েছে। এছাড়াও স্টক এক্সচেঞ্জের ডিমিউচ্যুয়ালাইজেশন সম্পন্ন হয়েছে। এসবই বিএসইসি'র গত পাঁচ বছরের কার্যক্রমের অনন্য উদাহরণ।

# ক্লিয়ারিং কোম্পানি এবং Small Cap Platform প্রতিষ্ঠা বিষয়ে অভিজ্ঞতা অর্জনের জন্য কমিশন প্রতিনিধি দলের ঘঅঝউঅছ পরিদর্শন


যুক্তরাষ্ট্রে NASDAQ এর উর্ধতন কর্মকর্তাবৃন্দের সাথে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এবং কমিশনার জনাব আরিফ খান

সম্প্রতি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ক্লিয়ারিং ও সেটেলমেন্ট কার্যাদি পৃথকভাবে সম্পন্ন করার লক্ষ্যে একটি পৃথক ক্লিয়ারিং কোম্পানি প্রতিষ্ঠা করার জন্য এবং Small and Medium Enterprise (SME) এর জন্য পুঁজিবাজার থেকে মূলধন উত্তোলন এবং স্টক এক্সচেঞ্জে লেনদেনের জন্য পৃথক Small Cap Platform প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছে। এ লক্ষ্যে কাজ করার জন্য পৃথক একটি কমিটি গঠন করা হয়েছে।

এই সকল বিষয়ে অন্যান্য দেশের অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে কমিশনের চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন এবং কমিশনার জনাব আরিফ খান গত ৬-১০ আগস্ট, ২০১৫ যুক্তরাষ্ট্রের ঘঅঝউঅছ পরিদর্শন করেন। তাঁরা NASDAQ এর উর্ধতন কর্মকর্তাবৃন্দের সাথে এ বিষয়ে মত বিনিময় করেন। তাঁদের এই অভিজ্ঞতা বাংলাদেশে এসকল বিষয়ে বিধি-বিধান প্রণয়নে সহায়ক হবে।

# ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস এন্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি)

জুলাই-সেপ্টেম্বর, ২০১৫ সময়ে সিএমআরআরসি বিভাগ কর্তৃক নিম্নোক্ত সংশোধনী /আদেশ /নির্দেশনা জারি করা হয়েছে :

| ক্রমিক নং | বিষয় | শ্রেণীবিভাগ | সূত্র নং |
|---|---|---|---|
| ১. | আদেশ নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১০৪/এডমিন/২৬ তারিখ: ২৭ জুলাই ২০১১ এর সংশোধনী | আদেশ | এসইসি/সিএমআরআরসিডি/২০০৯ -১৯৩/১৭৪/এডমিন/৬১ তারিখ: ০৮ জুলাই ২০১৫ |
| ২. | মিউচ্যুয়াল ফান্ড close-end হতে open-end -এ রুপান্তরের নীতিমালা | নির্দেশনা | এসইসি/সিএমআরআরসিডি/২০০৯ -১৯৩/১৭৫/এডমিন/৬২ তারিখ: ০৮ জুলাই ২০১৫ |

**BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION**
JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

**ORDER**

July 08, 2015

No. SEC/CMRRCD/2009-193/174/Admin/--61----: In exercise of the power conferred by section 2CC of the Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969), the Bangladesh Securities and Exchange Commission makes the following amendments to the Notification No. SEC/CMRRCD/2009-193/104/Admin/26 dated July 27, 2011 published in the Bangladesh Gazette on September 29, 2011, namely:-

The clause (b) shall be replaced by the following new clause (b), namely:

"(b) The issuer of listed securities shall get its financial statements audited by any firm of chartered accountants which is in the panel of the Commission:

Provided that the issuer shall not appoint any firm of chartered accountants as its statutory auditors for a consecutive period exceeding three years:

Provided further that the audit firm or any of its partners/auditors shall not also be eligible for performing the auditing of financial statements of the issuer of listed securities for a consecutive period exceeding three years.".

By order of the Bangladesh Securities and Exchange Commission

Prof. Dr. M. Khairul Hossain
Chairman.

Phone (PABX) : +880-2-9568101-2, +880-2-9561525, Fax : +880-2-9563721, e-mail : secbd@bdmail.net, Web : www.secbd.org, www.sec.gov.bd

# BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


No. SEC/CMRRCD/2009-193/175/Admin/--62

July 08, 2015

## DIRECTIVE

The Bangladesh Securities and Exchange Commission (BSEC), in exercise of the power conferred by section 20A of the Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969), and বিধি ৮১ of the সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১, hereby supersedes the Directive No. SEC/CMRRCD/2009-193/153 dated October 10, 2013 and directs the sponsors, assets managers, trustees, custodians, selling agents of mutual funds, stock exchanges, and depository to comply with the following Guidelines in respect of conversion of close-end mutual fund's scheme to open-end mutual fund's scheme:

1. Any conversion of mutual fund's scheme shall be treated as a change in the fundamental attributes of the related scheme and the scheme shall be required to comply with the সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ (hereinafter referred as "Rules") and any other relevant Rules or Regulations in this regard.

2. If the existing asset manager initiates the proposal of conversion to the trustee of the fund, the contents of proposal along with cost bearing issue must be approved by the Board of the asset manager. Thereafter the modalities of the conversion shall be approved by the Board of the trustee, after they ensured that the interest of unit holders under all the concerned scheme(s) have been protected in the said proposal. The decision of the trustee must be at least 150 (one hundred fifty) days before the maturity of the scheme and intimate the decision to both the Commission and exchange(s) on the same date. The decision shall contain the date of trade suspension, and the effective date.

3. The trading of the units of the scheme shall remain suspended from the effective date. "Effective Date" means immediate next day to the date of trade suspension when the trustee of the fund shall take control over the fund as per clause 5 of this Guidelines.

4. The trustee shall publish notice of conversion proposal in at least two national dailies (Bangla and English each) and also to the website of the stock exchange(s) [for at least 2 (two) times at 3 (three) days interval for exchange only] including the date of unit holders meeting and date of trade suspension. Notice of the above conversion proposal must be circulated at least 30 (thirty) days before the effective date and the complete conversion process shall not take more than 60 (sixty) days from the effective date.

5. Control and Management of all properties, assets and liabilities along with allied balances of the fund shall be transferred to the trustee of the fund on the effective date. The trustee of the fund shall not change any status of the fund up to the conversion date.

6. Asset manager shall publish a general notice to settle claim on the fund (if any) with a stipulated time frame before trade suspension.



Phone (PABX) : +880-2-9568101-2, +880-2-9561525, Fax : +880-2-9563721, e-mail : secbd@bdmail.net, Web : www.secbd.org, www.sec.gov.bd

7. No later than 10 (ten) days of the effective date, the unit holders' meeting shall be conducted. If the unit holders required as per বিধি ৫০গ of the Rules do not accept the conversion proposal in the said meeting, the trading of the fund shall remain open from the next working date of the said meeting and the trustee shall hand over the assets of the fund as it was before to the asset manager.

8. No later than 4 (four) days from the date of meeting of the unit holders, the trustee of the scheme shall make an application to the Commission for conversion accompanied with a copy of the special resolution, attested voting cards (i.e. ballot papers), un-edited and un-interrupted audio visual recording (DVD format) of the meeting proceedings, and also all other necessary documents in favour of the conversion. Upon approval of the Commission, the trustee shall publish this information in two daily newspapers (Bangla and English each) and intimate it to the exchange(s) as Price Sensitive Information (PSI).

9. A draft of the communication format to unit holders at their meeting shall be submitted to the Commission before at least 5 (five) working days of the unit holders meeting which shall include the following as minimum:

   (i) the latest portfolio of the scheme (NAV at cost price and market price);
   (ii) details of segment wise break-up of the portfolio of the fund (like the capital market portfolio including listed securities, OTC securities, debt instruments; other than listed securities including FDR and any other investments);
   (iii) details of the estimated cost required to be charged on the fund either at conversion or at liquidation and cost bearer;
   (iv) details of previous financial performance, dividend payment history of the scheme;
   (v) details of the conversion process;
   (vi) option of selection of new or existing trustee, asset manager and custodian of the open-end fund;
   (vii) nature of the unit fund, unit sale and repurchase process;
   (viii) unit issue process under conversion (i.e. unit issue process under dematerialized form with the depository);
   (ix) any others.

10. If conversion proposal is recommended in the unit holders' meeting, conversion cost related to holding of the meeting and trustee's fee for conversion activities shall be borne by the newly selected asset manager. If the conversion proposal is not approved in the unit holders' meeting, the cost related to holding of the meeting and trustee's fee for doing conversion activities shall be borne by the existing asset manager of the scheme:

    Provided that the trustee can not claim the fee for conversion related activities more than Tk. 6.00 lac for a single scheme of conversion.



Phone (PABX) : +880-2-9568101-2, +880-2-9561525, Fax : +880-2-9563721, e-mail : secbd@bdmail.net, Web : www.secbd.org, www.sec.gov.bd

11. Immediately after control over the Trust Property as per clause 5 of this Guidelines, the trustee of the fund shall start the process to select auditor(s) (other than the existing statutory auditors of the fund, trustee, custodian and asset manager) and took approval at the unit holders meeting. The auditor(s) so appointed shall be responsible for valuation of the fund. The statutory auditor shall also prepare Audit Report of the fund separately. In the Audit Report, the auditor shall give opinion along with other aspects, the accuracy of the documents and financial statements. And in the Valuation Report, the auditor shall report among others NAV per unit, detail valuation process of each type of securities and other assets, opinion about illiquid securities & its valuation process, and any other issues. Both the reports of the auditors (Audit Report and Valuation Report) shall be submitted to the Commission within 20 (twenty) days of unit holders' meeting.

12. Since the scheme shall re-open for fresh subscriptions, the disclosures contained in the existing offer document of the scheme shall be revised and updated. A copy of the draft prospectus and other legal documents including draft Trust Deed, Investment Management Agreement shall be filed with the Commission in line with the Rules within 10 (ten) days of unit holders' meeting.

13. The asset manager shall prepare and submit all the legal documents related to formation of the fund in line with the Rules.

14. The Commission shall communicate its observations on the offer document, if any, within the time period prescribed under the Rules. The offer document shall be issued only after the final observations communicated by the Commission have been incorporated and final copies of the same have been filed with the Commission within 7 (seven) days of approval of prospectus.

15. Under conversion, the legal requirement of minimum subscription of the sponsor of the scheme as per Rules is exempted; however, the existing unit holders shall be treated as Initial Subscribers to the scheme and previous sponsor shall issue letter of appointment to the parties of the fund as per বিধি ৯(গ) of the Rules according to the decision in the said unit holders' meeting:

    Provided that the time period to collect initial subscription collection as per বিধি ৪৭ of the Rules is exempted, however, shall complete the initial subscription collection through public offering, if any, within the stipulated period of conversion.

16. The Commission shall approve the conversion scheme after submission of the Valuation Report and Audit Report of the scheme & other documents.

17. The Audit Report and Valuation Report shall properly be disclosed in at least two national dailies (Bangla and English each) with a copy to the Commission and to the stock exchange(s) where the scheme was listed within 3 (three) days upon receipt of this approval.



Phone (PABX) : +880-2-9568101-2, +880-2-9561525, Fax : +880-2-9563721, e-mail : secbd@bdmail.net, Web : www.secbd.org, www.sec.gov.bd

18. The trustee shall hand over the Trust Property of the earlier fund to the asset manager of the converted fund within 3 (three) days after receiving the consent of the Commission about the new scheme formation.

19. The asset manager of the new scheme shall issue letter of entitlement within 07 (seven) working days of receiving the consent of the Commission and issue unit certificate/allotment letter to the unit holders as per Rules:

    Provided that the units of open-end fund shall be in dematerialized form with the depository and may be listed with the stock exchange(s), as and when designated by the Commission.

20. Issue and conversion expenses shall be disclosed in the prospectus in detail; and issue and conversion expenses shall not be more than 1.30% of the collected fund size of the converted fund:

    Provided that asset manager shall not claim more than 0.80% of the collected fund size as fee related to conversion activities.

21. The starting date of open-end fund shall be the next day after the maturity date of the closed-end fund.

22. The Commission reserves the right to extend the time frame or clarify any issue regarding this Guidelines, if required.

This Directive shall have immediate effect.

By order of the Bangladesh Securities and Exchange Commission

Prof. Dr. M. Khairul Hossain
Chairman.



Phone (PABX) : +880-2-9568101-2, +880-2-9561525, Fax : +880-2-9563721, e-mail : secbd@bdmail.net, Web : www.secbd.org, www.sec.gov.bd

# কর্পোরেট ফিন্যান্স

## কর্পোরেট ফিন্যান্স বিভাগের ত্রৈমাসিক কার্যক্রম: জুলাই-সেপ্টেম্বর, ২০১৫

| ক্রমিক নং | বিবরণ | গৃহীত ব্যবস্থা | কোম্পানির সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | IPO/RPO/ Rights Issue/ Convertible Preference Shares এর তহবিল ব্যবহার প্রসঙ্গে। | IPO/RPO/ Rights Issue/Convertible Preference Shares এর মাধ্যমে উত্তোলিত তহবিল ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন/নিরীক্ষা প্রতিবেদন পরীক্ষান্তে কমিশনকে সদয় অবহিত করা হয়েছে। | ১১ |
| | | কোম্পানির আইপিও তহবিল foreign affiliated auditors দ্বারা নিরীক্ষা করতঃ পরিচালনা পর্ষদ কর্তৃক সত্যায়ন করে কমিশনে দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। | ০২ |
| | | IPO এর মাধ্যমে উত্তোলিত তহবিল ব্যবহার সংক্রান্ত খাত পরিবর্তনের বিষয় কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে। | ০১ |
| | | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ অর্ডিনেন্স, ১৯৬৯ এর ধারা ২সিসি এর শর্ত পরিপালন করতে ব্যর্থ হওয়ায় কোম্পানিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০১ |
| ০২. | ডিসেম্বর ৩১, ২০১৪ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়নি। | ০৬ |
| | | যথাসময়ে নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী কমিশনে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১৩ |
| ০৩. | ডিসেম্বর ৩১, ২০১৩, জুন ৩০, ২০১৪, ডিসেম্বর ৩১, ২০১৪ এবং মার্চ ৩১, ২০১৫ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী। | নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীর বিষয়ে, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ অর্ডিনেন্স, ১৯৬৯ এর ধারা ১১(২) অনুযায়ী, ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানিসমূহকে নির্দেশ দেওয়া হয়েছে। | ০৮ |
| | | ডিসেম্বর ৩১, ২০১৪ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী'র প্রয়োজনীয় কাগজপত্র উপস্থাপনে ব্যর্থ হওয়ায় যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০১ |
| | | কোম্পানি কর্তৃক প্রদত্ত ব্যাখ্যাসমূহ পরীক্ষান্তে কমিশনের সদয় অবগতির জন্য উপস্থাপন করা হয়েছে। | ২৫ |
| | | নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী তৈরীতে সিকিউরিটিজ আইনের এর বিধান ভঙ্গ করায় কোম্পানিসমূহের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০৩ |
| | | নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীর বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য নিরীক্ষা ফার্মকে অনুরোধ করা হয়েছে। | ০২ |
| ০৪. | মার্চ ৩১, ২০১৫ তারিখে সমাপ্ত প্রথম প্রান্তিকের অনিরীক্ষিত ত্রৈমাসিক আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হযেছে। | ০৫ |
| | | প্রথম প্রান্তিকের ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১৫ |
| ০৫. | ডিসেম্বর ৩১, ২০১৪ এবং জুন ৩০, ২০১৫ তারিখে সমাপ্ত অনিরীক্ষিত ২য় প্রান্তিক/অর্ধ-বার্ষিক আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হযেছে। | ০৫ |
| | | সময় বৃদ্ধি করা হয়নি। | ০২ |
| | | ২য় প্রান্তিক/অর্ধ-বার্ষিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১২ |
| ০৬. | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ রুলস, ১৯৮৭ এর রুল ১৩ মোতাবেক ২য় প্রান্তিক/অর্ধ-বার্ষিক আর্থিক হিসাব বিবরণী মুদ্রণ ও শেয়ারহোল্ডারগণের মধ্যে বিতরণ হতে অব্যাহতি। | বিনিয়োগকারী ও সিকিউরিটিজ মার্কেটের উন্নয়নের স্বার্থে, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ রুলস, ১৯৮৭ এর প্রয়োজনীয় বিধানের অধিকতর সংশোধন ও পূণঃআদেশ না দেয়া পর্যন্ত, তালিকাভূক্ত কোম্পানিসমূহকে জুলাই ১২, ২০১৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত ঢাকা স্টক এক্সচেঞ্জ (লিষ্টিং) রেগুলেশনস্, ২০১৫ এবং জুলাই ১৪, ২০১৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (লিষ্টিং) রেগুলেশনস্, ২০১৫ এর বিধানাবলী পরিপালনের পরামর্শ প্রদান করা হয়েছে। | ০১ |

| | | | |
|---|---|---|---|
| | | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ অধ্যাদেশ, ১৯৬৯ এর অনুচ্ছেদ ৩৩ এর অধীন প্রণীত সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ রুলস, ১৯৮৭ এর রুল ১৩ এর বিধান পরিপালন হতে তালিকাভূক্ত সিকিউরিটিজের ইস্যুয়ার কোম্পানীসমূহকে অব্যাহতির বিষয়ে একটি প্রস্তাবনা কমিশনে উপস্থাপন করা হয়েছে এবং একই সাথে উক্ত অধ্যাদেশের অনুচ্ছেদ ২০ এ এর ক্ষমতাবলে তালিকাভূক্ত সিকিউরিটিজের ইস্যুয়ার কোম্পানিসমূহকে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ রুলস, ১৯৮৭ এর প্রয়োজনীয় বিধানের অধিকতর সংশোধন ও পূণঃআদেশ না দেয়া পর্যন্ত, জুলাই ১২, ২০১৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত ঢাকা স্টক এক্সচেঞ্জ (লিষ্টিং) রেগুলেশনস্, ২০১৫ এবং জুলাই ১৪, ২০১৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (লিষ্টিং) রেগুলেশনস্, ২০১৫ এর বিধানাবলী পরিপালনের নির্দেশ সংক্রান্ত একটি প্রস্তাবনা কমিশনে উপস্থাপন করা হয়েছে। | |
| ০৭. | মার্চ ৩১, ২০১৫ তারিখে সমাপ্ত অনিরীক্ষিত তৃতীয় প্রান্তিকের ত্রৈমাসিক আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়নি। | ০২ |
| | | তৃতীয় প্রান্তিকের ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১৪ |
| ০৮. | নিরীক্ষক প্যানেল (Panel of Auditors) | কমিশন তালিকাভুক্ত সিকিউরিটিজের ইস্যুয়ার কোম্পানি সমূহের আর্থিক হিসাব বিবরণী নিরীক্ষার উদ্দেশ্যে নিরীক্ষকগণের একটি প্যানেল অনুমোদন করেছে, যা আগষ্ট ০১, ২০১৫ থেকে কার্যকর হয়েছে। | ১৪ |
| ০৯. | নিরপেক্ষ পরিচালক নিয়োগ। | কমিশন, বিশেষ বিবেচনায়, আগষ্ট ০৭, ২০১২ ইং তারিখে জারীকৃত কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন সংক্রান্ত নোটিফিকেশন নং SEC/CMRRCD/২০০৬-১৫৮/১৩৪/অফসরহ/৪৪ এর শর্ত নং ১.২(iii) পরিপালন সাপেক্ষে, নিরপেক্ষ পরিচালক নিয়োগে অনাপত্তি জ্ঞাপন করেছে। | ০৪ |
| | | ০৭/০৮/২০১২ ইং তারিখে জারীকৃত কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন সংক্রান্ত নোর্টিফিকেশনের শর্ত নং ১.৩(ii) পরিপালন না করায়, কমিশন নিরপেক্ষ পরিচালক নিয়োগে আপত্তি জ্ঞাপন করেছে। | ০১ |
| | | নিরপেক্ষ পরিচালক নিয়োগের বিষয়ে সদয় সিদ্ধান্তের জন্য কমিশনে প্রেরণ করা হয়েছে। | ০১ |
| | | নিরপেক্ষ পরিচালক নিয়োগের বিষয়ে কমিশনের মতামত প্রদান করা হয়েছে। | ০১ |
| ১০. | কর্পোরেট গর্ভনেন্স গাইডলাইন (সিজিজি) পরিপালন। | কর্পোরেট গর্ভনেন্স গাইডলাইন পরিপালনে ব্যর্থ হওয়ায় কোম্পানির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০১ |

# ক্যাপিটাল ইস্যু

## প্রাইভেট লিমিটেড কোম্পানি

জুলাই-সেপ্টেম্বর-২০১৫ সময়ে যে সকল প্রাইভেট লিমিটেড কোম্পানিকে মূলধন উত্তোলনের অনুমোদন দেয়া হয়েছে তার বিবরণ নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | রণাঙ্গন কোল্ড স্টরেজ লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৫০,৯৭,০৮,০০০/- | ২৩.০৭.২০১৫ | ৫০,৯৭,০৮,০০০ |
| ২ | ফাস্ট সিকিউরিটিজ ইসলামী ক্যাপিটাল এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৩,৫০,০০,০০০/- | ২৩.০৭.২০১৫ | ৩,৫০,০০,০০০ |
| ৩ | স্টোন ব্রীকস্ লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৫,৫০,০০০,০০/- | ২৭.০৭.২০১৫ | ৫,৫০,০০০,০০ |
| ৪ | এইচএমসিএল নীলয় বাংলাদেশ লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৮,৩৯,১৬,০০০/- | ২৮.০৭.২০১৫ | ৮,৩৯,১৬,০০০ |
| ৫ | ইবিএল সিকিউরিটিজ লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৫০,০০,০০,০০০/- | ০২.০৮.২০১৫ | ৫০,০০,০০,০০০ |
| ৬ | বে ফুটওয়্যার লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ২২৭,৯০০,০০০/- | ০২.০৮.২০১৫ | ২২৭,৯০০,০০০ |
| ৭ | ডেন ফুডস্ লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ২,৬০,০০০,০০/- | ১০.০৮.২০১৫ | ২,৬০,০০০,০০ |
| ৮ | ভিআইপি ইন্ডাস্ট্রিজ বাংলাদেশ প্রাইভেট লিমিটেড | রিডিমেবল কিউমিউলেটিভ প্রেফারেন্স শেয়ার ২,৪৩,০৬,৫০০/- | ১১.০৮.২০১৫ | ২,৪৩,০৬,৫০০ |
| ৯ | ঢাকা সাউদার্ন পাওয়ার জেনারেশনস লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ১৫,৯২,৫০,০০০/- | ২৭.০৮.১৫ | ১৫,৯২,৫০,০০০ |
| ১০ | ঢাকা নর্দান পাওয়ার জেনারেশনস লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৩৭৩,৫০০,০০০/- | ০১.০৯.১৫ | ৩৭৩,৫০০,০০০ |
| ১১ | নিউ হোপ ফিড মিল বাংলাদেশ লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৮,৫৫,৩৬,৮০০/- | ০৮.০৯.১৫ | ৮,৫৫,৩৬,৮০০ |
| ১২ | এবি ইনভেস্টমেন্ট লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ২৭০,০১,০৭,০০০/- | ০৯.০৯.১৫ | ২৭০,০১,০৭,০০০ |
| ১৩ | মৌ এগ্রো এরোমেটিক অটোমেটিক রাইস মিলস লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ২,০০,৫৫,০০০/- | ১৪.০৯.১৫ | ২,০০,৫৫,০০০ |
| ১৪ | এপেক্স ফার্মা লিমিটেড | সাধারণ শেয়ার টাক ১৬,০৭,২০,০০০/- | ২০.০৯.১৫ | ১৬,০৭,২০,০০০ |
| ১৫ | কমটেক্স বাংলাদেশ লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৩০,০০,০০,০০০/- | ২০.০৯.১৫ | ৩০,০০,০০,০০০ |
| ১৬ | সের্পাড ইয়ান লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ১,৪৪,০০০,০০/- | ২১.০৯.১৫ | ১,৪৪,০০০,০০ |
| ১৭ | নাহী এলুমিনিয়াম কম্পোজিট প্যানেল লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ২৩,০০,০০,০০০/- | ২১.০৯.১৫ | ২৩,০০,০০,০০০ |
| ১৮ | ডুরিন পাওয়ার হাউজ এন্ড টেকনোলজিস লিমিটেড | নন কনভার্টিবল কিউমিউলেটিভ প্রেফারেন্স শেয়ার ৪০,০০,০০,০০০/- | ২৮.০৯.১৫ | ৪০,০০,০০,০০০ |
| ১৯ | নিউ হোপ এগ্রো টিচ বাংলাদেশ লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৪৩,২৩,০৬,৯০০/- | ২২.০৯.১৫ | ৪৩,২৩,০৬,৯০০ |
| ২০ | রয়েল ক্যাপিটাল লিমিটেড | বোনাস শেয়ার টাকা ৩,০০,০০,০০০/- | ২২.০৯.২০১৫ | ৩,০০,০০,০০০ |
| | মোট | | | ৬৩৬,৭৭,০৬,২০০ |

# পাবলিক লিমিটেড কোম্পানি

জুলাই-সেপ্টেম্বর-২০১৫ সময়ে যে সকল পাবলিক লিমিটেড কোম্পানিকে মূলধন উত্তোলনের অনুমোদন দেয়া হয়েছে তার বিবরণ নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ইউনিয়ন ইন্সুরেন্স কোম্পানী লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৩,৫১,০০,০০০/- | ০৭.০৭.১৫ | ৩,৫১,০০,০০০ |
| ২ | সিলভা ফার্মাসিটিক্যালস লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৩৮,০০,০০,০০০/- | ০৯.৭.২০১৫ | ৩৮,০০,০০,০০০ |
| ৩ | জাগো কর্পোরেশন লিমিটেড | রিডিমেবল নন-কনভার্টিবল ডিবেঞ্চার ২,২০,০০০,০০/- | ১৪.০৭.২০১৫ | ২,২০,০০০,০০ |
| ৪ | বেসিক ব্যাংক লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৯১০,৫০,০০০,০০/- | ২৮.০৭.২০১৫ | ৯১০,৫০,০০০,০০ |
| ৫ | ডেলটা হসপিটাল লিমিটেড | রাইট শেয়ার ২,০০,০০,০০০/- | ২৯.০৭.২০১৫ | ২,০০,০০,০০০ |
| ৬ | এনআরবিসি ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড (প্রস্তাবিত) | সাধারণ শেয়ার টাকা ৪০,০০,০০,০০০/- | ১৬.০৮.২০১৫ | ৪০,০০,০০,০০০ |
| ৭ | এফবিএল সিকিউরিটিজ লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৭০,০০,০০,০০০/- | ১৯.০৮.২০১৫ | ৭০,০০,০০,০০০ |
| ৮ | নর্দান কর্পোরেশন লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ২৩,৭৬,০০,০০০/- | ২০.০৮.২০১৫ | ২৩,৭৬,০০,০০০ |
| ৯ | ইনফিনিটি টেকনোলজি ইন্টারন্যাশনাল লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ১৫,০০,০০,০০০/- | ২৩.০৮.০২ | ১৫,০০,০০,০০০ |
| ১০ | ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড | বোনাস শেয়ার ৮,৫৬,০০,০০০/- | ২৪.০৮.১৫ | ৮,৫৬,০০,০০০ |
| ১১ | মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড | সাব-অর্ডিনেটেড ফ্লোটিং রেট বন্ড ৩০০,০০,০০,০০০/- | ২৪.০৮.২০১৫ | ৩০০,০০,০০,০০০ |
| ১২ | এবি ব্যাংক লিমিটেড | নন কনভার্টিবল সাব-অর্ডিনেটেড বন্ড ৪০০,০০,০০,০০০/- | ২৪.০৮.১৫ | ৪০০,০০,০০,০০০ |
| ১৩ | এএফসি হেলথ লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৬০,৫০,০০,০০০/- | ০৬.০৯.১৫ | ৬০,৫০,০০,০০০ |
| ১৪ | প্রাইম ফাইন্যান্স ক্যাপিটাল মেনেজমেন্ট লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৯,৬৮,০০,০০০/- | ০৯.০৯.১৫ | ৯,৬৮,০০,০০০ |
| ১৫ | ক্রেডিট রেটিং এজেন্সি বাংলাদেশ লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ২,৩২,৪০০/- | ১৪.০৯.১৫ | ২,৩২,৪০০ |
| ১৬ | রানার অটোমোবাইলস লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৭,২৪,৬৪,০০০/- | ২১.০৯.১৫ | ৭,২৪,৬৪,০০০ |
| ১৭ | দি একমি ল্যাবরেটরীজ লিমিটেড | সাধারণ শেয়ার টাকা ৫,৯৭,০৬,০০০/- | ০২.০৯.১৫ | ৫,৯৭,০৬,০০০ |
| | মোট | | | ১৮,৯৬৯,৫০২,৪০০ |

জুলাই-সেপ্টেম্বর, ২০১৫ ইং সময়কালে কমিশন কর্তৃক প্রসপেক্টাস প্রকাশের অনুমোদিত কোম্পানির বিবরণীঃ

| ক্রমিক নং | কোম্পানির নাম | ইস্যু ম্যানেজারের নাম | অনুমোদনের তারিখ | প্রতি শেয়ারের আইপিও মূল্য | মোট মূলধন (টাকা) (৯+১৩) | স্পন্সর ইক্যুয়িটি (প্রিমিয়াম ছাড়া, টাকায়) | | | পাবলিক ইক্যুয়িটি (প্রিমিয়াম ছাড়া, টাকায়) | | | মোট (১০+১১+১২) | চাঁদার পরিমান সূত্রঃ কলাম নং-১০ | চাঁদা গ্রহণের তারিখ শুরু: শেষ: |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | স্থানীয় | বিদেশী | মোট | সাধারণ জনগন | বিদেশী প্লেসমেন্ট | স্থানীয় প্লেসমেন্ট | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১. | কেডিএস এক্সেসরিজ লিমিটেড | এলায়েন্স ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড | ০৮.০৭.১৫ | ইস্যু মূল্য ২০.০০ টাকা প্রতি শেয়ার (প্রতি শেয়ার ১০ টাকা প্রিমিয়াম সহ) | ৬৪.০০ কোটি | ৪০.০০ কোটি | - | ৪০.০০ কোটি | ২৪.০০ কোটি | - | - | ২৪.০০ কোটি | ৮২৯.২৪ কোটি | ০৯.০৮.১৫ ২০.০৮.১৫ |
| ২ | সিমটেক্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড | এএফসি ক্যাপিটাল লিমিটেড ও ইম্পেরিয়েল ক্যাপিটাল লিমিটেড | ২৩.০৭.১৫ | ইস্যু মূল্য ২০.০০ টাকা প্রতি শেয়ার (প্রতি শেয়ার ১০ টাকা প্রিমিয়াম সহ) | ৮৮.৭৫ কোটি | ২৮.৭৫ কোটি | - | ২৮.৭৫ কোটি | ৬০.০০ কোটি | - | - | ৬০.০০ কোটি | ৯৯০.৭০ কোটি | ০৬.০৯.১৫ ১৪.০৯.১৫ |
| ৩ | রিজেন্ট টেক্সটাইল মিলস লিমিটেড | লংকা-বাংলা ইনভেস্টমেন্ট লিমিটেড | ১৩.০৯.১৫ | ইস্যু মূল্য ২৫.০০ টাকা প্রতি শেয়ার (প্রতি শেয়ার ১৫ টাকা প্রিমিয়াম সহ) | ১৮৫.০০ কোটি | ৬০.০০ কোটি | - | ৬০.০০ কোটি | ১২৫.০০ কোটি | - | - | ১২৫.০০ কোটি | - | ১৪.১০.১৫ ২৫.১০.১৫ |
| ৪ | ইনফরমেশন টেকনোলজি কনসালটেন্টস লিমিটেড | বেটা ওয়ান ইনভেস্টরেমন্ট লিমিটেড | ২২.০৯.১৫ | ইস্যু মূল্য ১০.০০ টাকা প্রতি শেয়ার | ৮৭.০০ কোটি | ৭৫.০০ কোটি | - | ৭৫.০০ কোটি | ১২.০০ কোটি | - | - | ১২.০০ কোটি | - | ০২.১১.১৫ ১১.১১.১৫ |

# সার্ভেইল্যান্স

## দৈনন্দিন বাজার সার্ভেইল্যান্স :

দৈনন্দিন পুঁজিবাজার সার্ভেইল্যান্স এর অংশ হিসাবে সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তাগণ কমিশনের সার্ভেইল্যান্স সিস্টেম "InstantWatch Market" এর মাধ্যমে উভয় স্টক এক্সচেঞ্জের দৈনন্দিন লেনদেন কর্মকান্ডের ক্ষেত্রে কোনরূপ অনিয়ম, সন্দেহজনক লেনদেন এবং বাজার আচরণ বিধির পরিপন্থী কোন কিছু ঘটে থাকলে তা পর্যবেক্ষণ ও তদারকীর মাধ্যমে নির্ণয় করে থাকেন। দৈনিক লেনদেন শেষে একটি দৈনিক প্রতিবেদন তৈরী করা হয়, যেখানে প্রতিদিনের লেনদেনের একটি সার সংক্ষেপ তুলে ধরা হয়। উক্ত প্রতিবেদনের অনুলিপি চেয়ারম্যান, কমিশনারগণ এবং সংশ্লিষ্ট নির্বাহী পরিচালককে সরবরাহ করা হয়।

## তদন্ত ও অনুসন্ধান :

সিকিউরিটিজ লেনদেনে স্বচ্ছতা ও বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেনের অনুসন্ধান ও তদন্তের মাধ্যমে সিকিউরিটিজ সংক্রান্ত সকল আইন কানুন এর প্রয়োগ নিশ্চিত করা প্রয়োজন। জুলাই-সেপ্টেম্বর ২০১৫ সময়কালে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক কোন তদন্ত পরিচালিত হয়নি। তবে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড শেয়ার লেনদেন সম্পর্কিত নিম্নবর্ণিত অনুসন্ধান কার্যক্রম সম্পাদন করেছেঃ

(ক) ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) কর্তৃক পরিচালিত অনুসন্ধান:

| ক্রমিক নং | অনুসন্ধানের ধরণ | মন্তব্য |
|---|---|---|
| ০১. | রহিমা ফুড কর্পোরেশন লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | প্রতিবেদন নথিভুক্ত করা হয়েছে। |
| ০২. | রেনেটা লিমিটেড এর শেয়ারের অস্বাভাবিক ও সন্দেহজনক লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | প্রতিবেদন এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ০৩. | ইবিএল সিকিউরিটিজ লিমিটেড এর অনুমোদিত প্রতিনিধি কর্তৃক গ্রাহকের হিসাবে রেনেটা লিমিটেডের শেয়ারের অস্বাভাবিক ও সন্দেহজনক লেনদেন পরিচালনার বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই -কে সংশ্লিষ্ট বিষয়ে অধিকতর অনুসন্ধানের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। |
| ০৪. | সেন্ট্রাল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর স্পন্সর/পরিচালক কর্তৃক উক্ত কোম্পানীর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | প্রতিবেদন নথিভুক্ত করা হয়েছে । |
| ০৫. | হাক্কানি পাল্প এন্ড পেপার মিল্স লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | প্রতিবেদন এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ০৬. | সমতা লেদার কমপ্লেক্স লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | প্রতিবেদন পরীক্ষাধীন। |
| ০৭. | এ্যাটলাস বাংলাদেশ লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | প্রতিবেদন পরীক্ষাধীন। |
| ০৮ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | প্রতিবেদন প রীক্ষাধীন। |
| ০৯. | এ্যাপোলো ইস্পাত কমপ্লেক্স লিমিটেড এর স্পন্সর শেয়ারহোল্ডার কর্তৃক উক্ত কোম্পানীর শেয়ার বিক্রয়ের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | প্রতিবেদন পরীক্ষাধীন। |
| ১০. | গ্লাক্সোস্মিথক্লাইন(জিএসকে) বাংলাদেশ লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | প্রতিবেদন পরীক্ষাধীন। |

জুলাই-সেপ্টেম্বর ২০১৫ সময়কালে "InstantWatch" market surveillance system এ যেসব শর্ট সেল এলার্ট পরিলক্ষিত হয়েছে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা মোতাবেক ঐ সকল এলার্ট এর উপর অনুসন্ধানপূর্বক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করে।

**(খ) চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) কর্তৃক পরিচালিত অনুসন্ধানঃ**

জুলাই-সেপ্টেম্বর ২০১৫ সময়কালে "InstantWatch" market surveillance system এ যেসব শর্ট সেল এলার্ট পরিলক্ষিত হয়েছে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা মোতাবেক ঐ সকল এলার্ট এর উপর অনুসন্ধানপূর্বক চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করে।

উল্লেখিত সময়কালে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড কর্তৃক দাখিলকৃত অনুসন্ধান প্রতিবেদন পরীক্ষান্তে ৩৯টি স্টক ব্রোকার/স্টক ডিলার এর বিরুদ্ধে তালিকাভুক্ত বিভিন্ন সিকিউরিটিজ এ শর্ট-সেল এর প্রমান পাওয়ায় তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনের এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে।

# নিবন্ধন

স্টক ডিলার /ব্রোকার এর নিবন্ধন সনদ প্রদান ও নবায়নঃ

জুলাই-সেপ্টেম্বর, ২০১৫ সময়ে কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে ঢাকা স্টক এক্সচেঞ্জের ট্রেক হোল্ডার কোম্পানির ১ (এক)টি স্টক ডিলার এবং ১ (এক)টি স্টক ব্রোকারের নিবন্ধন সনদ ইস্যু করেছে এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ট্রেক হোল্ডার কোম্পানির ১ (এক)টি স্টক ডিলার ও ১ (এক)টি স্টক ব্রোকারের নিবন্ধন সনদ ইস্যু করেছে।

এছাড়াও কমিশন জুলাই-সেপ্টেম্বর, ২০১৫ সময়কালে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর ২৭ (সাতাশ)টি স্টক ডিলার এবং ২৯ (উনত্রিশ)টি স্টক ব্রোকার এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে ১৩ (তের)টি স্টক ডিলার ও ১৪ (চৌদ্দ)টি স্টক ব্রোকার নিবন্ধন সনদ নবায়ন করেছে।

অনুমোদিত প্রতিনিধিদের নিবন্ধন সনদ প্রদান ও নবায়নঃ

আলোচ্য সময়ে কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর ৫১ (একান্ন)টি এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর ১০ (দশ)টি অনুমোদিত প্রতিনিধির নিবন্ধন সনদ ইস্যু করেছে।

এছাড়াও কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে ঢাকা স্টক এক্সচেঞ্জের ট্রেক হোল্ডার কোম্পানির ২৯৮ (দুইশত আটানব্বই)টি এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ৮৩ (তেরাশি)টি অনুমোদিত প্রতিনিধি নিবন্ধন সনদ নবায়ন করেছে।

ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ প্রদান ও নবায়নঃ

উক্ত সময়ে কমিশন, ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর অধীনে ২ (দুই)টি ডিপজিটরি অংশগ্রহণকারী নিবন্ধন সনদ ইস্যু এবং ৩৪ (চৌত্রিশ)টি প্রতিষ্ঠানের নিবন্ধন সনদ নবায়ন করেছে।

ডেট সিকিউরিটিজ ইস্যুর জন্য ট্রাস্টি নিবন্ধন সনদ ইস্যুঃ

জুলাই-সেপ্টেম্বর, ২০১৫ সময়ে কমিশন সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (প্রাইভেট প্লেসমেন্ট অব ডেট সিকিউরিরিটিজ) বিধিমালা, ২০১২ এর অধীনে ৪ (চার)টি ডেট সিকিউরিটি ইস্যুর জন্য ট্রাস্টি নিবন্ধন সনদ ইস্যু করেছে।

সিকিউরিটি কাস্টডিয়ান নিবন্ধন সনদ ইস্যুঃ

জুলাই-সেপ্টেম্বর সময়ে কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩ এর অধীনে প্রাইম ব্যাংক লিমিটেড এর অনুকূলে ১ (এক)টি সিকিউরিটি কাস্টডিয়ান নিবন্ধন সনদ ইস্যু করেছে।

ফান্ড ম্যানেজার নিবন্ধন সনদ ইস্যুঃ

আলোচ্য জুলাই-সেপ্টেম্বর সময়ে কমিশন, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (অলটারনেটিভ ইনভেস্টমেন্ট) বিধিমালা, ২০১৫ এর অধীনে স্ট্রেটেজিক ইক্যুইটি ম্যানেজমেন্ট লিমিটেড এর অনুকূলে ১ (এক)টি ফান্ড ম্যানেজার নিবন্ধন সনদ ইস্যু করেছে।

ব্রোকারেজ হাউজের নতুন শাখা অফিস খোলাঃ

উক্ত সময়ে কমিশন ঢাকা স্টক এক্সচেঞ্জের ১ (এক)টি স্টক ব্রোকারকে নতুন শাখা অফিস খোলার অনুমোদন দিয়েছে।

# মিউচ্যুয়াল ফান্ড ও এসপিপিভি (এমএফ এন্ড এসপিপিভি)

**মিউচ্যুয়াল ফান্ড ও এসপিপিভি বিভাগ জুলাই-সেপ্টেম্বর, ২০১৫ সময়ে নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন করে:**

**(১) মিউচ্যুয়াল ফান্ড এর নিবন্ধন ও পাবলিক ইস্যু সংক্রান্ত কার্যক্রম:**

| ক্রমিক নং | বিষয় | কার্যক্রম |
|---|---|---|
| ১ | খসড়া ট্রাস্ট ডীড ও বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তিঅনুমোদন | ইউএফএস পপ্যুলার লাইফ ইউনিট ফান্ড<br>লংকা বাংলা ফার্ষ্ট ব্যালান্সড ইউনিট ফান্ড |
| ২ | ফান্ডের নিবন্ধন ও এসক্রো একাউন্ট খোলার অনুমোদন সংক্রান্ত কার্যক্রম | - এসইএমএল লেকচার ইক্যুইটি ম্যানেজম্যান্ট ফান্ড<br>- পেনিনসুলা এএমসিএল বিডিবিএল ইউনিট ফান্ড ওয়ান<br>- সিএপিএম বিডিবিএল মিউচ্যুয়াল ফান্ড ০১<br>- আইসিবি এএমসিএল ইসলামিক ইউনিট ফান্ড |
| ৩ | ফান্ডের নিট অ্যাসেট ভ্যালু প্রকাশ এবং স্কীম হিসেবে ঘোষনার অনুমোদন সংক্রান্ত কার্যক্রম | আইসিবি এএমসিএল ইসলামিক ইউনিট ফান্ড |

**(২) মিউচ্যুয়াল ফান্ড এর অবলুপ্তি/ রূপান্তর/সময় বর্ধিতকরণ সংক্রান্ত কার্যক্রম:**

(ক) আইসিবি পরিচালিত ৮টি মিউচ্যুয়াল ফান্ড এর প্রথম ফান্ডটিকে ৩১ ডিসেম্বর ২০১৫ এবং বাকী সাতটিকে সময় পুন:বিন্যাস করে ৩১ ডিসেম্বর ২০১৬ এর মধ্যে বিধি মোতাবেক অবসায়ন অথবা বিনিয়োগকারীদের সিদ্ধান্ত সাপেক্ষে রূপান্তর এর প্রস্তাব গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত প্রদান।

(খ) এইমস অব বাংলাদেশ লি: কর্তৃক Grameen One : the First Scheme of Grameen Mutual Fund One এবং AIMS First Guaranteed Mutual Fund কে এর রূপান্তর/অবসায়ন এর জন্য কমিশনের নিকট তাদের দাখিলকৃত প্রস্তাব বিধি মোতাবেক না হওয়ায় কমিশন উক্ত প্রস্তাবে সম্মতি প্রদান করেনি। সুতরাং আগামী ৩১ ডিসেম্বর ২০১৫ এর মধ্যে বিধি মোতাবেক ফান্ডটিকে রূপান্তর/অবসায়ন সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত প্রদান ।

**(৩) মিউচ্যুয়াল ফান্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পর্যালোচনা সংক্রান্ত অন্যান্য কার্যক্রম:**

(ক) আইসিবি'র ট্রাস্টি কমিটি পুনর্গঠন এর অনুমোদন প্রদান ।

(খ) মিউচ্যুয়াল ফান্ডের রি-ইনভেষ্টমেন্ট এর মাধ্যমে লভ্যাংশ প্রদান এর বিষয়ে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ মোতাবেক একটি ট্রাস্টিকে তার দায়িত্ব পরিপালনের বিষয়ে নির্দেশনা প্রদান।

(গ) ঢাকা স্টক এক্সচেঞ্জ (লিষ্টিং) রেগুলেশন, ২০১৫ এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (লিষ্টিং) রেগুলেশন, ২০১৫ এর বিধি ৩(১) মোতাবেক মিউচ্যুয়াল ফান্ড এর পাবলিক অফার ডকুমেন্ট এর উপর মতামত প্রদান এর বিষয়ে ঢাকা স্টক এক্সচেঞ্জ লি: এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লি: কে পত্র প্রেরণ।

(ঘ) সকল সম্পদ ব্যবস্থাপককে কমিশনের সাথে যোগাযোগের ক্ষেত্রে তাদের বোর্ড অনুমোদিত অফিসিয়াল সিগনেটরির তালিকা প্রেরণের বিষয়ে পত্র প্রদান।

**(৪) তালিকাভুক্ত/অতালিকাভুক্ত মিউচ্যুয়াল ফান্ডের লেনদেন ও অভিযোগ সংক্রান্ত কার্যক্রম:**

এছাড়াও মিউচ্যুয়াল ফান্ড বিভাগের অন্যান্য দৈনন্দিন কার্যাবলী সম্পাদন করা হয়।

# সুপারভিশন এন্ড রেগুলেশন অব মার্কেটস এন্ড ইস্যুয়ার কোম্পানিজ (এসআরএমআইসি)

## জুলাই-সেপ্টেম্বর, ২০১৫ সময়কালে অনুষ্ঠিত এজিএম

| ক্রঃ নং | নাম | সমাপ্ত | এজিএমের তারিখ | % অব ডিভিডেন্ড | | রেকড ডেট | ঘোষনার তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| নং | | | | নগদ | স্টক | | |
| ১ | প্যারামাউন্ট ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৪১২ | ৭/৫/২০১৫ | - | ১০% বি | ১১/০৫/২০১৫ | ২৯/০৪/২০১৫ |
| ২ | ইনফর্মেশন সার্ভিসেস নেটওয়ার্ক লি: | ২০১৪১২ | ৭/৫/২০১৫ | - | - | ১৬/০৬/২০১৫ | ১২/০৫/২০১৫ |
| ৩ | গোবাল হেভি কেমিক্যালস লিমিটেড | ২০১৪১২ | ৭/৯/২০১৫ | ১০.০০ | - | ১৮/০৫/২০১৫ | ৩০/০৪/২০১৫ |
| ৪ | জিবিবি পাওয়ার লি: | ২০১৪১২ | ৭/৯/২০১৫ | - | ১৫%বি | ১৯/০৫/২০১৫ | ৩০/০৪/২০১৫ |
| ৫ | গোবাল ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৪১২ | ৭/১১/২০১৫ | - | ১০%বি | ১০/০৫/২০১৫ | ২৯/০৪/২০১৫ |
| ৬ | এশিয়া ইন্সুরেন্স লি: | ২০১৪১২ | ৭/১১/২০১৫ | ১০.০০ | - | ২৩/০৬/২০১৫ | ১৪/০৬/২০১৫ |
| ৭ | যেএমআই সিরিঞ্জস্ ও মেডিকেল ডিভাইস লিঃ | ২০১৪১২ | ৭/১৬/২০১৫ | ২০.০০ | - | ২০/০৫/২০১৫ | ৩০/০৪/২০১৫ |
| ৮ | ইস্টার্ন ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৪১২ | ৭/২৩/২০১৫ | ২০.০০ | - | ১৯/০৫/২০১৫ | ৩০/০৪/২০১৫ |
| ৯ | সোনার বাংলা ইন্সুরেন্স লি: | ২০১৪১২ | ৭/২৫/২০১৫ | ৬.০০ | ৬%বি | ১৯/০৫/২০১৫ | ২৯/০৪/২০১৫ |
| ১০ | তাকাফুল ইসলামী ইন্সুরেন্স লি: | ২০১৪১২ | ৭/২৫/২০১৫ | - | ১২%বি | ২১/০৫/২০১৫ | ০৪/০৫/২০১৫ |
| ১১ | জনতা ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৪১২ | ৭/২৫/২০১৫ | - | ১০%বি | ২১/০৫/২০১৫ | ১১/০৫/২০১৫ |
| ১২ | উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লি: | ২০১৪১২ | ৭/২৯/২০১৫ | ২০.০০ | ১০%বি | ০৮/০৭/২০১৫ | ২৫/০৬/২০১৫ |
| ১৩ | পূরবী জেনারেল ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৪১২ | ৭/৩০/২০১৫ | - | ১৫%বি | ০৭/০৬/২০১৫ | ১১/০৫/২০১৫ |
| ১৪ | ন্যাশনাল টি কোম্পানি লি: | ২০১৪১২ | ৭/৩১/২০১৫ | ২০.০০ | - | ১৪/০৭/২০১৫ | ২২/০৪/২০১৫ |
| ১৫ | স্যালভো ক্যামিকেল ইন্ডাস্ট্রিজ লি: | ২০১৪১২ | ৮/৬/২০১৫ | - | ১০%বি | ২৯/০৬/২০১৫ | ০৪/০৫/২০১৫ |
| ১৬ | ফ্যামিলিটেক্স (বিডি) লিঃ | ২০১৪১২ | ৮/৭/২০১৫ | - | ১০%বি | ০৯/০৭/২০১৫ | ২৪/০৫/২০১৫ |
| ১৭ | ন্যাশনাল লাইফ ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৪১২ | ৮/৯/২০১৫ | ৪৫.০০ | - | ৩০/০৬/২০১৫ | ২১/০৬/২০১৫ |
| ১৮ | রূপালি লাইফ ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৪১২ | ৮/১০/২০১৫ | - | ১০%বি | ০৯/০৭/২০১৫ | ২১/০৬/২০১৫ |
| ১৯ | ম্যারিকো বাংলাদেশ লি: | ২০১৫০৩ | ৮/১৩/২০১৫ | ৪২৫.০০ | - | ১৮/০৬/২০১৫ | ২৩/০৪/২০১৫ |
| ২০ | এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৪১২ | ৮/১৬/২০১৫ | ১০.০০ | - | ৩০/০৬/২০১৫ | ২৯/০৪/২০১৫ |
| ২১ | ফারইস্ট ইসলামি লাইফ ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৪১২ | ৮/১৬/২০১৫ | ৩৫.০০ | ১০%বি | ২৩/০৭/২০১৫ | ০৫/০৭/২০১৫ |
| ২২ | তুং হাই নিটিং এন্ড ডাইং লিমিটেড | ২০১৪১২ | ৮/২৭/২০১৫ | - | ১০%বি | ০২/০৭/২০১৫ | ৩০/০৪/২০১৫ |
| ২৩ | মেঘনা লাইফ ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৪১২ | ৮/২৭/২০১৫ | ১৩.০০ | ২০%বি | ৩০/০৭/২০১৫ | ১৩/০৭/২০১৫ |
| ২৪ | স্টাইলক্রাফট লি: | ২০১৫০৩ | ৮/২৭/২০১৫ | ৬০.০০ | - | ৩০/০৭/২০১৫ | ০২/০৭/২০১৫ |
| ২৫ | প্রাইম ইসলামি লাইফ ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৪১২ | ৮/৩১/২০১৫ | ১৫.০০ | ১০%বি | ১৪/০৭/২০১৫ | ২৮/০৪/২০১৫ |
| ২৬ | সন্ধ্যানী লাইফ ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৪১২ | ৯/১/২০১৫ | - | ২২%বি | ১২/০৮/২০১৫ | ২৯/০৬/২০১৫ |
| ২৭ | বাংলাদেশ সার্ভিসেস লি: | ২০১৪১২ | ৯/২/২০১৫ | - | ১৫%বি | ২৩/০৭/২০১৫ | ৩০/০৬/২০১৫ |
| ২৮ | ন্যাশনাল ব্যাংক লি: | ২০১৪১২ | ৯/১৪/২০১৫ | - | ১০%বি | ৩০/০৮/২০১৫ | ১৭/০৫/২০১৫ |
| ২৯ | সানলাইফ ইন্সুরেন্স কোম্পানি লিমিটেড | ২০১৪১২ | ৯/১৫/২০১৫ | - | ৬%বি | ১৮/০৮/২০১৫ | ৩০/০৭/২০১৫ |
| ৩০ | স্কয়ার ফার্মাসিউটিক্যালস লি: | ২০১৫০৩ | ৯/১৬/২০১৫ | ৩০.০০ | ১২.৫০%বি | ১৩/০৮/২০১৫ | ২১/০৭/২০১৫ |
| ৩১ | নাভানা সিএনজি লি: | ২০১৫০৩ | ৯/১৬/২০১৫ | ১৫.০০ | - | ১৮/০৮/২০১৫ | ২৯/০৭/২০১৫ |
| ৩২ | তসরিফা ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ২০১৪১২ | ৯/২১/২০১৫ | ৫.০০ | ৭%বি | ৩০/০৮/২০১৫ | ১৬/০৬/২০১৫ |
| ৩৩ | প্রগতি লাইফ ইন্সুরেন্স লি: | ২০১৪১২ | ৯/২৯/২০১৫ | ১৭.০০ | ৫%বি | ২০/০৮/২০১৫ | ৩০/০৭/২০১৫ |
| ৩৪ | এ্যাপেক্স স্পিনিং ও নিটিং মিলস লি: | ২০১৫০৩ | ৯/৩০/২০১৫ | ২০.০০ | - | ১৮/০৮/২০১৫ | ২৮/০৭/২০১৫ |
| ৩৫ | এ্যাপেক্স ফুডস্ লি: | ২০১৫০৬ | ৯/৩০/২০১৫ | ২০.০০ | - | ১৩/০৯/২০১৫ | ২৪/০৮/২০১৫ |

### জুলাই-সেপ্টেম্বর, ২০১৫ সময়কালে তালিকাভুক্ত কোম্পানির বিরুদ্ধে অভিযোগঃ

| অভিযোগের প্রকৃতি | গৃহীত অভিযোগের সংখ্যা | প্রক্রিয়াধীন | মীমাংসিত |
| --- | --- | --- | --- |
| ঘোষিত লভ্যাংশ প্রদান না করা অথবা দেরীতে প্রদান | ৭ | ৩ | ৪ |
| ডিবেঞ্চারের আসল ও সুদ প্রদান না করা | - | - | - |
| শেয়ার ট্রান্সফার সম্পর্কিত | ২ | ২ | - |
| রাইট অফারের পত্র না পাওয়া | | | |
| বার্ষিক প্রতিবেদন  না পাওয়া | ১ | - | ১ |
| রিফান্ড ওয়ারেন্ট সংক্রান্ত | ২ | - | ২ |
| শেয়ারের ডিমেট সংক্রান্ত | | | - |
| বিবিধ | ১৭ | ৮ | ৯ |
| **মোট** | **২৯** | **১৩** | **১৬** |

এসইসি এর নোটিফিকেশন নং এসইসি/এসআরএমআইসি/৯৪-২৩১/২৭১ তারিখ ১২.১০.২০১১ অনুযায়ী ডিএসই, সিএসই এবং সিডিবিএল তালিকাভুক্ত কোম্পানির বিরুদ্ধে আনীত অভিযোগ মিমাংসা করে এবং কমিশনের নিকট উপরোক্ত ছক মোতাবেক তথ্য প্রেরণ করে।

# সুপারভিশন এন্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই)

সুপারভিশন এন্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) বিভাগ মার্চেন্ট ব্যাংকার, স্টক ডিলার, স্টক ব্রোকার, ডিপজিটরি পার্টিসিপেন্টস, সিকিউরিটি কাস্টডিয়ান ব্যাংক, মার্কেট মেকার্স, সিকিউরিটি লেন্ডারস ও বরোয়ার্স্ ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান সমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে থাকে। এই বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, ডিপি ও মার্চেন্ট ব্যাংকসমূহ নিয়মিত পরিদর্শন করে। এছাড়াও প্রয়োজন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানসমূহে বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করে থাকে। এসআরআই বিভাগ সাধারণ বিনিয়োগকারী ও অন্যান্য স্টেক হোল্ডারদের অভিযোগ নিয়েও কাজ করে থাকে। উক্ত বিভাগ জুলাই থেকে সেপ্টেম্বর, ২০১৫ পর্যন্ত নিম্নেবর্ণিত কার্যাবলী সম্পাদন করেছে ঃ

**ক) বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে আনীত অভিযোগ ঃ**

| অভিযোগের প্রকৃতি | গৃহীত অভিযোগের সংখ্যা | | | প্রক্রিয়াধীন/ স্থগিতকৃত | আইনগত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিএসই/সিএসই'তে প্রেরণ | নিষ্পত্তিকৃত অভিযোগ |
|---|---|---|---|---|---|---|---|
| | জুলাই থেকে সেপ্টেম্বর, ২০১৫ | পূর্ববর্তী | মোট | | | | |
| শেয়ার হারানো সংক্রান্ত | ৩ | ২ | ৫ | ৩ | - | - | ২ |
| অনুমোদন ব্যতীত শেয়ার বিক্রয় সংক্রান্ত | ৫ | - | ৫ | ২ | ১ | ২ | - |
| শেয়ার হস্তান্তর র না করা সংক্রান্ত | ২ | ১ | ৩ | ৩ | - | - | - |
| বিক্রয়লব্ধ অর্থ পরিশোধ না করা | ৫ | ১ | ৬ | ২ | ১ | ৩ | - |
| ফোর্স সেল/মার্জিন সংক্রান্ত | ৩ | - | ৩ | ২ | - | ১ | - |
| শেয়ার হস্তান্তর না করার কারণে সৃষ্ট আর্থিক ক্ষতি | - | ১ | ১ | - | - | - | ১ |
| নিষ্পত্তিকরণের ক্ষেত্রে বিলম্ব হওয়া সংক্রান্ত | - | - | - | - | - | - | - |
| শেয়ার না পাওয়া সংক্রান্ত | - | ১০ | ১০ | - | - | ৮ | ২ |
| স্টক ডিলার/ব্রোকার ও অন্যান্যদের দুর্নীতি/অনিয়ম | ২ | ৪ | ৬ | ৪ | - | ১ | ১ |
| নগদ/চেক/ডিভিড্যান্ড/বোনাস সংক্রান্ত | - | - | - | - | - | - | - |
| বিবিধ | ৪ | ২ | ৬ | ২ | - | - | ৪ |
| মোট | ২৪ | ২১ | ৪৫ | ১৮ | ২ | ১৫ | ১০ |

**খ) এসআরআই বিভাগ কর্তৃক পরিচালিত পরিদর্শন কার্যক্রম (জুলাই থেকে সেপ্টেম্বর,২০১৫)ঃ**

| ক্রঃ নং | বিবরণ | পরিদর্শন | পরিদর্শনের সংখ্যা | এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | নিষ্পত্তি | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|
| ০১. | স্টক ব্রোকার/স্টক ডিলার | মাসিক নিয়মিত পরিদর্শন | ২ | | - | ২ |
| | | বিশেষ পরিদর্শন | ১ | - | - | ১ |
| ০২. | মার্চেন্ট ব্যাংক | মাসিক নিয়মিত পরিদর্শন | - | - | - | - |
| ০৩ | সম্পদ ব্যবস্থাপক | নিয়মিত পরিদর্শন | - | - | - | - |
| মোট | | | ৩ | - | | ৩ |

# এনফোর্সমেন্ট

সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার, মার্চেন্ট ব্যাংকার, স্টক ব্রোকার/স্টক ডিলার,অনুমোদিত প্রতিনিধি এবং অন্যান্যদের বিরুদ্ধে কমিশন কর্তৃক জুলাই-সেপ্টেম্বর ২০১৫ সময়কালে নিম্নরূপ এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ করা হয়েছে:

ইস্যুয়ার কোম্পানি এর বিরুদ্ধে:

| কারণ | ইস্যুয়ার কোম্পানি এর সংখ্যা | আইনগত ব্যবস্থার ধরন |
|---|---|---|
| আর্থিক হিসাব বিবরণীতে সঠিক ও স্বচ্ছ তথ্য প্রতিফলিত না হওয়া | ৪ | জরিমানা |
| সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতা | ৬ | জরিমানা |
| সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতা | ৪ | সতর্কীকরণ |
| মোট | ১৪ | |

মার্চেন্ট ব্যাংকার এর বিরুদ্ধে:

| কারণ | মার্চেন্ট ব্যাংকার এর সংখ্যা | আইনগত ব্যবস্থার ধরন |
|---|---|---|
| সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতা | ১ | সতর্কীকরণ |
| সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতা | ৩ | জরিমানা |
| মোট | ৪ | |

স্টক ব্রোকার/স্টক ডিলার এর বিরুদ্ধে:

| কারণ | স্টক ব্রোকার/স্টক ডিলার এর সংখ্যা | আইনগত ব্যবস্থার ধরন |
|---|---|---|
| সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতা | ৪ | সতর্কীকরণ |
| সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতা | ৩ | জরিমানা |
| মোট | ৭ | |

অনুমোদিত প্রতিনিধি এর বিরুদ্ধে:

| কারণ | অনুমোদিত প্রতিনিধি এর সংখ্যা | আইনগত ব্যবস্থার ধরন |
|---|---|---|
| সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতা | ১ | সতর্কীকরণ |
| মোট | ১ | |

অন্যান্যদের বিরুদ্ধে:

| কারণ | সংখ্যা | আইনগত ব্যবস্থার ধরন |
|---|---|---|
| সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতা | ১ | সতর্কীকরণ |
| সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতা | ৩ | জরিমানা |
| মোট | ৪ | |

সর্বমোট : ১৪+০৪+০৭+০১+০৪ = ৩০

# আইন

**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর মামলা সংক্রান্ত তথ্যাদি ঃ**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর বিরুদ্ধে মোট ৫২০টি মামলা বিভিন্ন আদালতে বর্তমানে বিচারাধীন রয়েছে। মামলাসমূহের আদালত ভিত্তিক অবস্থান নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | আদালতের নাম | | মামলার সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | বাংলাদেশ সুপ্রীম কোর্ট | আপীল বিভাগ | ১৮টি |
| | | হাইকোর্ট বিভাগ | ২১৬টি |
| ০২. | মহানগর দায়রা জজ আদালত, ঢাকা ও স্পেশাল ট্রাইব্যুনাল বিএসইসি, ঢাকা | | ২৩টি |
| ০৩. | জেলা জজ আদালত, যুগ্ম জেলা জজ আদালত, সহকারী জজ আদালত, ঢাকা | | ১১টি |
| ০৪. | চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকা | | ০৬টি |
| ০৫. | শ্রম আদালত, ঢাকা | | ০২টি |
| ০৬. | জেনারেল সার্টিফিকেট আদালত, ঢাকা | | ২৪৪টি |
| মোট মামলার সংখ্যা : | | | ৫২০টি |

# সেন্ট্রাল ডিপজিটরী সিস্টেমস

**জুলাই-সেপ্টেম্বর, ২০১৫ সময়কালে নিম্নলিখিত কোম্পানিসমূহ সিডিএস-এ অন্তর্ভূক্ত হয়েছে:**

| ক্রমিক নং | কোম্পানির নাম | বিবরণ | অন্তর্ভুক্তির তারিখ |
|---|---|---|---|
| ০১ | আমান ফীড লিমিটেড | আইপিও | সেপ্টেম্বর ০১, ২০১৫ |

# এমআইএস

অটোমেশন ডেভেলপমেন্টের মাধ্যমে বিএসইসির বিভিন্ন বিভাগের কার্যাবলী সম্পাদনে সম্ভাব্য সহায়তা দেয়া, কম্পিউটারইজড তথ্য বিশ্লেষণ ভিত্তিক পুঁজিবাজার মনিটরিং সিস্টেম গড়ে তোলা এবং ওয়েবের মাধ্যমে সকলকে সিকিউরিটিজ আইন ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে অবগত করা এমআইএস বিভাগের মূল উদ্দেশ্য ।

বর্তমানে বিএসইসির সকল কর্মকর্তা তাদের দৈনন্দিন কার্যক্রমে কম্পিউটার ব্যবহার করে থাকেন। অফিসের সকল কম্পিউটার ল্যান এর আওতাভূক্ত। বিএসইসিতে তৈরীকৃত ইন্টিগ্রেটেড বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন অটোমেটেড সিস্টেম (SECAS) সফটওয়ার এর বিভিন্ন মডিউল বিভিন্ন বিভাগের ব্যবহারের জন্য তৈরী করা হয়েছে। কাগজের ব্যবহার হ্রাসের উদ্দেশ্যে বিএসইসিতে E-paper clipping system প্রবর্তন করা হয়েছে। বিএসইসি'র কর্মকর্তাবৃন্দ তাদের ওয়ার্কস্টেশন থেকে সংযুক্ত ল্যানের মাধ্যমে ২০ গনঢ়ং গতির ব্রডব্যান্ড ইন্টারনেট (ফাইবার অপটিক) ব্যবহার করে থাকেন। পুঁজিবাজারের স্বার্থে দেশে এবং বিদেশে তাৎক্ষণিক কনফারেন্স করার প্রয়োজনে বিএসইসিতে ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন করা হয়েছে।এছাড়া বিএসইসি'র অফিসিয়াল ওয়েবসাইটটিকে বাংলা ও ইংরেজী (ইউনিকোড ভিত্তিক) উভয় ভাষায় আধুনিকীকরণের কাজ চলমান রয়েছে। বিএসইসি সরকারের বাংলা গভঃনেট ওয়াইড এরিয়া নেটওয়ার্কের সাথে সংযুক্ত হয়েছে। বিএসইসি'র ওয়েব সাইটে (www.sec.gov.bd I www.secbd.org) প্রেস রিলিজ, সিকিউরিটিজ আইন, আইপিও প্রসপেক্টাস, এলিজিবল সিকিউরিটিজ, ডিপজিটরী পার্টিসিপেন্টস, এনফোর্সমেন্ট এ্যাকশনস, রিপোর্টস ইত্যাদি বিভিন্ন তথ্য সন্নিবেশিত করা হয়েছে যা নিয়মিত আপডেট করা হয় এবং ওয়েব সাইটটি প্রচুর ব্যবহৃত হয়ে থাকে। এমআইএস বিভাগ উল্লেখিত সিস্টেমসমূহের ডেভেলপমেন্ট, মডিফিকেশন ও মেইন্টেন্যানসের কাজ করে থাকে।

**জুলাই - সেপ্টেম্বর,২০১৫ এ ওয়েব সাইটে বিশেষ কিছু আপলোড ঃ**

| কাজ | সংখ্যা |
|---|---|
| আইপিও প্রসপেক্টাস/রাইটইস্যু অফার ডকুমেন্ট স্থাপন | ২টি আইপিও |
| এনফোর্সমেন্ট অ্যাকশন স্থাপন | ১৭ টি |
| অন্যান্য আদেশ/নোটিফিকেশন/ডাইরেক্টিভ ইত্যাদি স্থাপন | ৫টি |
| এলিজিবল সিকিউরিটিজ/ডিপি ইত্যাদির তালিকা আপডেট | ০ |
| ত্রৈমাষিক প্রতিবেদন স্থাপন | ১ |
| বার্ষিক প্রতিবেদন স্থাপন | ০ |
| মতামতের জন্য প্রস্তাাবিত খসড়া আইন স্থাপন | ১ |
| প্রেসবিজ্ঞপ্তি | ৪টি |
| দরপত্র বিজ্ঞপ্তি | ০ |
| নিয়োগ বিজ্ঞপ্তি | ০ |

# গবেষণা ও উন্নয়ন

গবেষণা ও উন্নয়ন বিভাগ সাধারন বিনিয়োগকারীদের জন্য প্রতিমাসে নিয়মিত দু'টি করে প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন এবং সরকারী ও বেসরকারী বিভিন্ন সংস্থার জন্য পুঁজিবাজার বিষয়ক সেমিনার আয়োজন করে থাকে। এছাড়া স্টক এক্সচেঞ্জের সাথে যৌথভাবে ব্রোকার হাউজের অনুমোদিত প্রতিনিধিদের জন্য নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচি পরিচালিত করে আসছে। কমিশনের বিভিন্ন প্রকাশনা যেমন বার্ষিক প্রতিবেদন (বাংলা ও ইংরেজী), কোয়ার্টারলি রিভিউ (ইংরেজী), ত্রৈমাসিক পরিক্রমা (বাংলা নিউজ লেটার), কমিশনের কার্যাবলীর উপর বুকলেট, পুঁজিবাজারের সাধারন বিনিয়োগকারীদের জন্য বিনিয়োগ বিষয়ক বুকলেট ইত্যাদি প্রনয়নের কাজ গবেষণা ও উন্নয়ন বিভাগ করে থাকে। বিভিন্ন দৈনিক পত্রিকায় (প্রায় ২০ টি) প্রতিদিন পুঁজিবাজার সংশিষ্ট যে সকল খরব ছাপা হয় তা কাটিং করত: কমিশনের নিকট এবং নির্বাহীগনের নিকট প্রতিদিন সরবরাহ করা হয়। তাছাড়া মন্ত্রনালয়ের চাহিদা মোতাবেক নিয়মিত বিভিন্ন তথ্য গবেষণা ও উন্নয়ন বিভাগ মন্ত্রনালয়কে সরবরাহ করে থাকে।

জুলাই-সেপ্টেম্বর, ২০১৫ এ সম্পাদিত কাজের তালিকা নিম্নরূপঃ

| ক্রমিক নং | কাজের নাম | পরিমান |
|---|---|---|
| ১ | সাধারন বিনিয়োগকারীদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি (দুই-দিনব্যাপী কর্মসূচি) | ০০ |
| ২ | অনুমোদিত প্রতিনিধিদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি (দুই-দিনব্যাপী কর্মসূচি) | ০০ |
| ৩ | বার্ষিক প্রতিবেদন ২০১৪-২০১৫ প্রেরণ | ১ |
| ৪ | কোয়ার্টারলি রিভিউ | ১ |
| ৫ | পরিক্রমা | ১ |
| ৬ | মাসিক কর্মপরিকল্পনা- অর্থ মন্ত্রনালয়ে প্রেরন | ৩ |
| ৭ | মাসিক প্রতিবেদন- অর্থ মন্ত্রনালয়ে প্রেরন | ৩ |

# আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ

**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন করে থাকেঃ**

ক) বিভিন্ন দেশের পুঁজি বাজার নিয়ন্ত্রনকারী সংস্থার সাথে যোগাযোগ,
খ) ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অফ সিকিউরিটিজ কমিশনস্ (IOSCO) ও তার বিভিন্ন কমিটি ও ওয়ার্কিং গ্রুপ এর সাথে নিয়মিত যোগাযোগ,
গ) ওঙঝঈঙ গগড়ট সংক্রান্ত যাবতীয় কার্যাদি,
ঘ) বিভিন্ন অন্তর্জাতিক সংস্থা যেমন Asia-Pacific Economic Cooperation (APEC), The Organisation for Economic Co-operation and Development (OECD), The Standing Committee for Economic and Commercial Cooperation of the Organization of the Islamic Cooperation (COMCEC) ইত্যাদির সাথে পুঁজিবাজার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে যোগাযোগ করা।

আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ নিয়মিত কার্যাবলী পরিপালনের পাশাপাশি জুলাই-সেপ্টেম্বর, ২০১৫ সময়সীমায় নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন করেছেঃ

১. APEC Financial Regulators Training Initiative (FRTI) এর Advisory Group এ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর অন্তর্ভুক্তকরন,

২. IOSCO এর Digitalization in Capital Markets Gi Working Group এ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর অন্তর্ভুক্তিকরণ এবং IOSCO Gi CORPORATE GOVERNANCE TASK FORCE (CGTF) এর Working Group এ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর অন্তর্ভুক্তিকরণ।

# স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস

## ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড

জুলাই - সেপ্টেম্বর, ২০১৫

| মাস | ডিএসই বোর্ড ইনডেক্স (উঋউঢ) | বাজার মূলধন (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়নসংখ্যায়) | | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| জুলাই | ৪৭৯২.৩১ | ৩৩৭০০৫৯ | ১৭ | ২৪০৪ | ১৪১ | ৯৮২৭২.৬৭ | ৫৭৮০.৭৫ |
| আগস্ট | ৪৭৬৮.৬৭ | ৩৩৪৫২৩১ | ২২ | ৩২৫৯ | ১৪৮ | ১২৯৩৫৪.০০ | ৫৮৭৯.৭৩ |
| সেপ্টেম্বর | ৪৮৫২.০৮ | ৩৩৫৫৫০১ | ১৯ | ২১৯২ | ১১৫ | ৮৩৭০২.১১ | ৪৪০৫.৩৭ |
| মোট | - | - | ৫৮ | ৭৮৫৬ | ১৩৫ | ৩১১৩২৮.৭৮ | ৫৩৬৭.৭৪ |

মাসের শেষ লেনদেন দিবসের সূচক এবং বাজার মূলধন নেয়া হয়েছে ।

## চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড

জুলাই - সেপ্টেম্বর, ২০১৫

| মাস | সকল শেয়ার এর মূল্য সূচক | বাজার মূলধন (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| জুলাই | ১৪৭১৫.২৩৭১ | ২৭০৪৪২২ | ১৭ | ২২৯ | ১৩ | ৭৮৫৭.৮৮ | ৪৬২.২ ৩ |
| আগস্ট | ১৪৫৮৪.৩৬৭০ | ২৬৭১৪২৭ | ২২ | ২৭৬ | ১৩ | ১০৮৪৭.৪৩ | ৪৯৩.০৭ |
| সেপ্টেম্বর | ১৪৮৪৫.০৪৩২ | ২৬৮৫৭৬৮ | ১৯ | ১৮৩ | ১০ | ৬১৬৮.৯৩ | ৩২৪.৬৮ |
| মোট | - | - | ৫৮ | ৬৮৮ | ১২ | ২৪৮৭৪.২৪ | ৪২৮.৮৭ |

মাসের শেষ লেনদেন দিবসের সূচক এবং বাজার মূলধন নেয়া হয়েছে ।

উৎস: ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ।

# প্রেস রিলিজ

কমিশন জুলাই - সেপ্টেম্বর, ২০১৫ সময়কালে কার্যক্রমের ০৪টি প্রেস রিলিজ ইস্যু করেছে; যা পরবর্তী পৃষ্ঠাসমূহে উপস্থাপিতঃ



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/২০০০ তারিখঃ ১৪/০৭/২০১৫ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫৫১ তম কমিশন সভা অদ্য ১৪/০৭/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ

কমিশন আজকের সভায় শাহজিবাজার পাওয়ার কোম্পানী লিঃ এর শেয়ারকে স্পট মার্কেটে লেনদেনের বাধ্যবাধকতা হতে অব্যাহতি দিয়ে নিয়মিত বাজারে লেনদেনের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গ্রহন করেছে। উল্লেখ্য কোম্পানিটির শেয়ার লেনদেনে নন-মার্জিনেবল অবস্থান অব্যাহত থাকবে।

১৪/০৭/২০১৫

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/২০৬৫ তারিখঃ ২৪/০৮/২০১৫ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫৫২ তম কমিশন সভা অদ্য ২৪/০৮/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. কমিশন আজকের সভায় Regent Textile Mills Limited এর প্রতিটি ২৫.০০ টাকা (১৫ টাকা প্রিমিয়াম সহ) মূল্যের ৫.০০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দিয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ১২৫.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে BMRE, নতুন রেডিমেড গার্মেন্টস প্রকল্প এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩১ শে ডিসেম্বর, ২০১৪ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ২.৪৮ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ৩৩.৬২ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে LankaBangla Investments Limited।

২. AB Bank Limited এর ৪০০ কোটি টাকা Non-Convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ ৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Fully Redeemable, Non-Convertible, Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, যা শুধুমাত্র আর্থিক প্রতিষ্ঠান এবং উচ্চ আর্থিক সঙ্গতি সম্পন্ন বিনিয়োগকারীরাই প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে AB Bank Limited তাদের Tire-II Regulatory Capital এবং Capital Adequacy Ratio বৃদ্ধির কাজে ব্যয় করবে। AB Bank Limited Non-Convertible Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের Lead Arrenger এবং Trustee হিসাবে কাজ করছে যথাক্রমে RSA Capital এবং IDLC Finance Limited।

৩. Mutual Trust Bank Limited এর ৩০০ কোটি টাকা Subordinated Floating Rate Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ ৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Fully Redeemable, Non-Convertible, Floating Rate Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, যা শুধুমাত্র আর্থিক প্রতিষ্ঠান এবং উচ্চ আর্থিক সঙ্গতি সম্পন্ন বিনিয়োগকারীরাই প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Mutual Trust Bank Limited তাদের Tire-II Regulatory Capital Base বৃদ্ধির কাজে ব্যয় করবে। Mutual Trust Bank Limited Non-Convertible Floating Rate Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের Lead Arranger এবং Trustee হিসাবে কাজ করছে যথাক্রমে RSA Capital এবং IDLC Finance Limited।

৪. ChicTex Limited (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১১ইং এ সমাপ্ত সময়ের অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন কমিশনে দাখিলে ব্যর্থ হয়। উল্লেখ্য ChicTex Limited এর অর্ধ বার্ষিক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতা Securities and Exchange Rules, 1987 এর Rule 13 এর লঙ্ঘন। উল্লিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন, ChicTex Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. Ashraf Textile Mills Ltd. (Issuer) তৃতীয় প্রান্তিকের (Q3) আর্থিক বিবরণীতে (৩১ মার্চ, ২০১৪ইং এ সমাপ্ত সময়ের) যথাযথ ব্যাখ্যামূলক নোট প্রদান না করে বাংলাদেশ একাউন্টিং স্ট্যান্ডার্ড BAS-34 (paragraph-8) এবং ভূমি বিক্রয়ের লাভ, বেসিক EPS গণণায় বাংলাদেশ একাউন্টিং স্ট্যান্ডার্ড BAS-33 (paragraph-9) অনুসরনে ব্যর্থ হয়েছে। যা Securities and Exchange Rules, 1987 এর Rule 12(2) এর লঙ্ঘন। উল্লেখিত ব্যর্থতার জন্য কমিশন, Ashraf Textile Mills Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. Tamijuddin Textile Mills Ltd. (Issuer) এর জুন ৩০, ২০১৩ইং এ সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণীতে স্থায়ী সম্পদ পুনঃমূল্যায়ন (Revaluatin of fixed asset calculation) হিসাব সঠিকভাবে প্রতিফলিত না হওয়ার মাধ্যমে Net Profit এবং EPS অতিরঞ্জিত (overstated) দেখানো হয়েছে। যা BAS-16 এবং Securities and Exchange Rules, 1987 এর Rule 12(2) এবং Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 এর লঙ্ঘন। উল্লিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন, Tamijuddin Textile Mills Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে ২ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৭. Sonali Aansh Industries Ltd. (Issuer) এর জুন ৩০, ২০১২ইং এ সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণীতে Direct Material Cost ৮২.২১% বৃদ্ধি, বৈদেশিক ভ্রমনের খরচ আর্থিক হিসাব বিবরণীতে না দেখানো, পাট ক্রয়ের খরচ বছরের পর বছর সমন্বয় না করা, আর্থিক হিসাব বিবরণী প্রস্তুতিতে Deferred Tax এর প্রভাব বিবেচনা না করা, পরিচালকদের বার্ষিক প্রতিবেদনে জুন ৩০, ২০১২ সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণীতে অডিটরের Qualified Opinion এর বিষয়টি প্রকাশ (disclosure) না করার মাধ্যমে যথাক্রমে BAS-1, Securities and Exchange Rules, 1987 এর Rule 12(2) এবং Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 লঙ্ঘনের জন্য কমিশন, Sonali Aansh Industries Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে ২ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


৮. Alltex Industries Ltd. (Issuer) এর জুন ৩০, ২০১৪ইং এ সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণীতে নিরীক্ষকের Qualified Opinion অনুযায়ী প্রায় ১১৯ কোটি টাকার স্থায়ী সম্পদের প্রকৃত অবস্থান (Physicial Existence of Fixed Assets) না থাকা, সুদ বাবদ খরচ (Interest expenses/Financial expenses) ১৭৪.৮৯ মিলিয়ন টাকা আর্থিক বিবরণীতে Provision/Charge হিসাবে না দেখানোর কারনে কোম্পানীর Net Profit ১২.২৭ কোটি প্রদর্শিত হয়েছে যা প্রকৃতপক্ষে হওয়া উচিত ছিল Net Loss ৫.২২ কোটি টাকা এবং Alltex Fabrics Ltd. এ ৭ কোটি টাকা বিনিয়োগের ব্যাংক বিবরণী কমিশন থেকে Securities and Exchange Ordinance, 1969 এর Section 11(2) অনুযায়ী তলব করা হলেও তা দাখিল না করার মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 11(2) লঙ্ঘন ইত্যাদি। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, Alltex Industries Ltd. এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে ৫ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৯. সভায় স্টক এক্সচেঞ্জ সমূহের Demutualization পরবর্তী বিভিন্ন সিকিউরিটিজ আইন/বিধিমালা/প্রবিধানমালা সংশোধন/পরিবর্তন এর লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়ঃ

ক) জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, নির্বাহী পরিচালক, বিএসইসি;
খ) জনাব মোঃ আবুল কালাম, পরিচালক, বিএসইসি; এবং
গ) জনাব মোঃ মনসুর রহমান, পরিচালক, বিএসইসি।

১০. Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012 এর সংশোধন/পরিবর্তন এর লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়ঃ

ক) জনাব মোহাম্মদ রেজাউল করিম, পরিচালক, বিএসইসি; এবং
খ) জনাব রিপন কুমার দেবনাথ, পরিচালক, বিএসইসি।

১১. Financial Literacy সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়ঃ

ক) জনাব মোঃ মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক, বিএসইসি;
খ) জনাবা ফারহানা ফারুকী, পরিচালক, বিএসইসি; এবং
গ) জনাব মোঃ ওহিদুল ইসলাম, উপ-পরিচালক, বিএসইসি।

১২. এছাড়াও আজকের সভায় Securities and Exchange Comission (Public Issue) Rules, 2006 এর পরিবর্তন/সংশোধন এর লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়ঃ

ক) জনাব মোঃ সাইফুর রহমান, নির্বাহী পরিচালক, বিএসইসি;
খ) জনাব মোঃ মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক, বিএসইসি;
গ) জনাব কামরুল আনাম খান, পরিচালক, বিএসইসি;
ঘ) জনাব মোহাম্মদ রেজাউল করিম, পরিচালক, বিএসইসি; এবং
ঙ) জনাব মোঃ কাওসার আলী, উপ-পরিচালক, বিএসইসি।

Rahman
২৪/০৮/২০১৫

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/২০৮৩ তারিখঃ ০২/০৯/২০১৫ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫৫৩ তম কমিশন সভা অদ্য ০২/০৯/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. কমিশনের চাহিদার প্রেক্ষিতে কোম্পানীর প্রদত্ত ব্যাখ্যা সন্তোষজনক প্রতীয়মান হওয়ায় কমিশন ইতোপূর্বে স্থগিতকৃত Simtex Industries Limited এর প্রাথমিক গণ প্রস্তাবের চাঁদাগ্রহন পুনরায় চালুর অনুমতি প্রদান করে। উক্ত চাঁদা সেপ্টেম্বর ৬ থেকে ১৪, ২০১৫ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

২. IDLC Finance Limited এর ৫০০ কোটি টাকার Infrastructure & SME Zero Coupon Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৫ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Fully Redeemable, Infrastructure & SME Zero Coupon bond। বন্ডটি ০৫ বছরে Full Redemption হবে, যা ব্যাংক, কর্পোরেট হাউজ, বীমা কোম্পানী, নন ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, মিউচ্যুয়াল ফান্ড, মার্চেন্ট ব্যাংক এবং উচ্চ সম্পদধারী ব্যক্তিগনের (high net worth individuals) মধ্যে শুধুমাত্র প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে IDLC Finance Limited চলতি প্রবৃদ্ধির কাজে ব্যয় করবে। IDLC Finance Limited Infrastructure & SME Zero Coupon Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের Trustee হিসাবে কাজ করছে Trust Bank Limited।

৩. Western Securities Investment Management Limited (CSE TREC No. 120) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

ক) পরিচালকদের মার্জিন ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 লংঘন;

খ) জুন ৩০, ২০১১ তারিখের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী Customer Consolidated Account -এ ২২,৮২৫,৭৬২ টাকা ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule (8A) লংঘন এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ এর লংঘন;

গ) জুন ৩০, ২০১১ এবং জুন ৩০ ২০১২ এর নিরীক্ষিত আর্থিক বিবরণীতে গ্রাহকের নিকট প্রাপ্য ও তাদেরকে প্রদেয় হিসাবের সাথে ক্যাশ লেজার ব্যালেন্স এর সাথে অসঙ্গতি পরিলক্ষিত হওয়ায় Securities and Exchange Rules, 1987 এর Section 8(1), Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ এর লংঘন;

ঘ) ক্যাশ হিসাবে মার্জিন ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Section 3(1) & (2) এর লংঘন;

ঙ) জুন ৩০, ২০১১ এবং জুন ৩০ ২০১২ এর নিরীক্ষিত আর্থিক বিবরণীতে ১৮,০০০,০০০ টাকা অফিস ভাড়া বাবদ অগ্রিম প্রদানের স্বপক্ষে প্রমানাদি দাখিল করতে ব্যর্থ হওয়ায় Securities and Exchange Rules, 1987 এর Section 8(1) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ এর লংঘন;

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Western Securities Investment Management Limited -কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


৪. Island Securities Limited (CSE Mem No. 05) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত দল কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

ক) মার্জিন ঋণের চুক্তি ছাড়া ক্যাশ হিসাবে ঋণ প্রদানের মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3 এবং Securities and Exchange Rules, 1987 এর Section 8(1)(ccc) এর লংঘন;

খ) কতিপয় শেয়ার Short Sale করার মাধ্যমে Chittagong Stock Exchange (Short-Sale) Regulations, 2005 এর Regulation 4(1); Dhaka Stock Exchange (Short-Sale) Regulations, 2006 এর Regulation 4(1) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ এর লংঘন;

গ) নন মার্জিনেবল শেয়ারে (P/E Ratio is over 40) মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের আদেশ নং-SEC/CMRRCD/2001-43/42 তাং 15/06/2010 লংঘন;

ঘ) নন মার্জিনেবল "Z" এবং "N" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং-SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;

ঙ) গ্রাহকের হিসাবের (client's account) শেয়ার ক্রয়ের টেলিফোনিক আদেশ সংরক্ষণ না করার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 4 ভঙ্গ করেছে;

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Island Securities Limited -কে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. PFI Securities Limited (DSE Mem No. 079) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

SPCL এর শেয়ার ক্রয়ের পরিমানের বিষয়ে মিথ্যা ও অসত্য তথ্য প্রদানের মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18; Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1)(a); এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিলে বর্ণিত আচরনবিধির অনুচ্ছেদ-১ এর লংঘন;

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় PFI Securities Limited -কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬. Midas Financing Limited (Listed Issuer) রাইট শেয়ার এর চাঁদা গ্রহন সমাপ্তির ২১ দিন এর পরিবর্তে ৩১ দিন পর বিনিয়োগকারীদের হিসাবে জমা করার মাধ্যমে কমিশনের পত্র নং- BSEC/CI/RI-91/2013/470 তারিখঃ 01/07/2014 এর ১৯নং শর্ত লংঘন করেছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Midas Financing Limited -কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

02.09.2015

মোঃ আনোয়ারুল ইসলাম
নির্বাহী পরিচালক

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/২১০৭

তারিখঃ ২২/০৯/২০১৫ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫৫৪ তম কমিশন সভা অদ্য ২২/০৯/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. কমিশন আজকের সভায় Information Technology Consultants Limited এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ১.২০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দিয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ১২.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে ব্যবসা সম্প্রসারণ, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ জুন, ২০১৪ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ১.০৪ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ১৮.২৮ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Betaone Investments Limited।

২. সভায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০০০ (Market Maker Rules, 2000) এর পরিবর্তন/সংশোধন লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছেঃ

ক) জনাব মোঃ মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক, আহ্বায়ক;
খ) জনাব মোঃ আবুল কালাম, পরিচালক, সদস্য; এবং
গ) জনাব মোঃ মনসুর রহমান, পরিচালক, সদস্য।

উক্ত কমিটি আদেশ জারির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে কমিশনে প্রতিবেদন দাখিল করবে।

৩. Appollo Ispat Complex Ltd. (Issuer) কর্তৃক প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে উত্তোলিত তহবিল থেকে পূর্বঘোষিত utilization of fund এর অতিরিক্ত ৫৮.১২ কোটি টাকা ব্যাংক ঋণ পরিশোধে ব্যবহার করেছে। যা উক্ত ইস্যুয়ার কোম্পানীর দাখিলকৃত রিপোর্ট পরীক্ষার সময় উদ্ঘাটিত হয়েছে। ইস্যুয়ার কোম্পানীর উল্লেখিত কার্যকলাপ IPO অনুমোদনের সময় The Securities and Exchange Ordinance, 1969 এর Section 2cc এর আওতায় প্রদত্ত Consent Letter এর Part-B এর Condition এর লংঘন। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন Appollo Ispat Complex Ltd. এর প্রত্যেক পরিচালককে ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করেছে।

৪. Dacca Dyeing and Manufacturing Co. Ltd. (Issuer) তাদের ৩০ জুন ২০১৩ সমাপ্ত বৎসরের আর্থিক হিসাব বিবরণী BAS/IAS-16 অনুযায়ী পুনঃমূল্যায়িত সম্পদের (revaluation asset) বিপরীতে অবচয় (depreation) ধার্য না করে Statement of Comprehensive Income প্রস্তুত করেছে- যা Issuer কোম্পানিটির নীরিক্ষকের রিপোর্টে qualified opinion হিসাবে উল্লেখ ছিল। বিষয়টি কমিশন কর্তৃক পরীক্ষাপূর্বক দেখা যায় যে, অবচয় ধার্য না করে Statement of Comprehensive Income প্রস্তুতের ফলে ইস্যুয়ার কোম্পানীর ৩০ জুন ২০১৩ সমাপ্ত বৎসরের অবচয় খরচ ২.৮৫ কোটি টাকা কম দেখানো হয়েছে। ফলশ্রুতিতে বর্ণিত বৎসরে ইস্যুয়ার কোম্পানীর মুনাফা ও শেয়ার প্রতি আয় (EPS) অতিমূল্যায়িত হওয়ায় বিনিয়োগকারীরা বিভ্রান্ত হয়। Dacca Dyeing and Manufacturing Co. Ltd. এর উল্লেখিত কার্যকলাপ Securities and Exchange Rules, 1987 এর Rule 12(2) এবং Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 এর লংঘন। বর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য Dacca Dyeing and Manufacturing Co. Ltd. এর প্রত্যেক পরিচালক -কে ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করা হয়।


ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


৫. Globe Securities Limited (DSE TREC No. 189) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

ক) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) এর তহবিলের ঘাটতি থাকার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিলের আচরণবিধি ১১ এবং Securities and Exchange Rules, 1987 এর Section 8(A) লংঘন;

খ) নন মার্জিনেবল শেয়ারে (P/E Ratio is over 40) মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের আদেশ নং-SEC/CMRRCD/2001-43/42 তাং 15/06/2010 লংঘন;

গ) অতিরিক্ত মার্জিন ঋণ সুবিধা প্রদান (beyond the approved limit) করে কমিশনের আদেশ নং-SEC/CMRRCD/2009-193/92 তাং 10/01/2011 এবং SEC/CMRRCD/2001-43/79 তাং 19/12/2010 লংঘন; এবং

ঘ) ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে নগদ লেনদেনের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8(c) (i) লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Globe Securities Limited -কে ১০(দশ) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. Alpha Securities Limited (CSE TREC. No. 001) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

ক) কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/169 dated 01/10/2009 ভঙ্গ করে Z ক্যাটাগরির শেয়ারে বিনিয়োগকারীকে ঋণ প্রদান; এবং

খ) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) এর তহবিল থেকে স্টাফদের বেতন পরিশোধের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Section 8(A)(1) লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Alpha Securities Limited -কে ৩ (তিন) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

Rahman
২২/০৭/২০১৫

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক


ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (৯, ১১, ১৫, ১৬, ১৭ ও ২১ তলা),১০, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোনঃ (৮৮)-০২-৯৫৬৮১০১-২, ৯৫৬১৫২৫,ফ্যাক্সঃ (৮৮)-০২-৯৫৬৩৭২১,৯৫৮০১৮৩
Website: http://www.secbd.org, http://www.sec.gov.bd
E-mail: secbd@bdmail.net